banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

www.ekarmakshetra.com

Best Training For
WBCS, SSC (CGL, CHSL, MTS), PSC, BANK, RAIL
✆ 7427927701
grassroot
Dunlop, Gariahat, Sonarpur, Tamluk

বর্ষ ৩৯ সংখ্যা ২১ কলকাতা বুধবার, ২৬ ডিসেম্বর ২০১৮/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১০ পৌষ ১৪২৫ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

# রেলে ১৪০৩৩ ইঞ্জিনিয়ার ও সায়েন্স গ্র্যাজুয়েট

১৪,০৩৩ জুনিয়র ইঞ্জিনিয়ার, জুনিয়র ইঞ্জিনিয়ার (ইনফর্মেশন টেকনোলজি), ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট ও কেমিক্যাল অ্যান্ড মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট নেবে রেল। জুনিয়র ইঞ্জিনিয়ার নিয়োগ হবে রেলের বিভিন্ন বিভাগে। ফলে, বিভিন্ন ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনের ডিগ্রি ও ডিপ্লোমাধারীরা এই পদে আবেদন করতে পারবেন। দেশ জুড়ে বিভিন্ন রেল ও রেল ওয়ার্কশপগুলিতে নিয়োগ হবে। ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড (আর আর বি) একযোগে প্রার্থী বাছাই করবে। সুতরাং, যে-কোনও একটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের আওতাধীন শূন্যপদে আবেদন করা যাবে।

শূন্যপদ: **জুনিয়র ইঞ্জিনিয়ার:** ১৩০৩৪টি। **জুনিয়র ইঞ্জিনিয়ার (ইনফর্মেশন টেকনোলজি):** ৪৯টি। **ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট:** ৪৫৬টি। **কেমিক্যাল অ্যান্ড মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট:** ৪৯৪টি।

পদ অনুসারে শিক্ষাগত যোগ্যতা: **জুনিয়র ইঞ্জিনিয়ার:** নির্দিষ্ট বিভিন্ন শাখার যে-কোনও একটিতে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা ডিপ্লোমা। এই পদের ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিংয়ের কোন কোন শাখা থেকে নিয়োগ হবে সে সম্পর্কে জানতে পারবেন রেলের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর ০৩/২০১৮-র অ্যানেক্সচার 'এ'-র তালিকা থেকে। ২ জানুয়ারি থেকে যে-কোনও রেলওয়ের রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে এই তালিকা দেখা যাবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

**অনলাইন দরখাস্ত করা যাবে ২ জানুয়ারি থেকে ৩১ জানুয়ারি**

**জুনিয়র ইঞ্জিনিয়ার (ইনফর্মেশন টেকনোলজি):** কম্পিউটার সায়েন্সের বি এসসি ডিগ্রি বা বি সি এ বা কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা অথবা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্সের বি টেক ডিগ্রি কিংবা ডোয়েকের তিন বছর মেয়াদের 'বি' লেভেল কোর্স পাশ।

**ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট:** ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় ডিগ্রি বা ডিপ্লোমা।

**কেমিক্যাল অ্যান্ড মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট:** প্রধান দু'টি বিষয় হিসেবে ফিজিক্স ও কেমিস্ট্রি নিয়ে মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ বি এসসি ডিগ্রি।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছর এবং দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, বিবাহবিচ্ছিন্ন এবং আইনত স্বামীবিচ্ছিন্ন মহিলা প্রার্থীরাও রেলের নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে দুই পর্বের কম্পিউটারভিত্তিক পরীক্ষা, নথিপত্র

এরপর সাতের পাতায়

## কলকাতা হাইকোর্টে ২০০

### লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট

লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদে ২০০ জনকে নেবে কলকাতা হাইকোর্টের অরিজিনাল ও অ্যাপিলেট সাইড। প্রাথমিকভাবে নিয়োগ হবে চুক্তিতে, তবে ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা রয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 5442-RG.

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৫৮, সাধারণ-ই সি ৩১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১০, সাধারণ-খেলোয়াড় ৫, সাধারণ-শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ২, সাধারণ-চলাচলে অক্ষম বা সেরিব্রাল পালসি ২, সাধারণ-দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ৩, তফসিলি জাতি ৮, তফসিলি জাতি-ই সি ১৪, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ৪, তফসিলি উপজাতি ১৯, তফসিলি উপজাতি-ই সি ১১, ও বি সি-এ ১৩, ও বি সি-এ-ই সি ৫, ও বি সি-বি ১১, ও বি সি-বি-ই সি ৪।

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক পাশ। বাংলা জানতে হবে।

খেলোয়াড় নিয়োগ করা হবে এই সমস্ত ক্রীড়াক্ষেত্র থেকে: অ্যাথলেটিক্স (ট্র্যাক অ্যান্ড ফিল্ড ইভেন্ট-সহ), ব্যাডমিন্টন, বাস্কেটবল, ক্রিকেট, ফুটবল, হকি, সুইমিং, টেবল টেনিস, ভলিবল, টেনিস, ওয়েটলিফটিং,

এরপর ষোলোর পাতায়

# দক্ষিণ রেলে ৪৫৫৫

## তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

বিভিন্ন ট্রেডে ৪,৫৫৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে দক্ষিণ রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে পোনমালাইয়ের সেন্ট্রাল ওয়ার্কশপ, পোড়ানুরের সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন ওয়ার্কশপ এবং পেরাম্বুরের ক্যারেজ অ্যান্ড ওয়াগন ওয়ার্কসে ফ্রেশার ও এক্স আই টি আই ক্যাটেগরিতে ট্রেনিং দেওয়া হবে মেশিনিস্ট, ওয়েল্ডার, ফিটার, ইলেক্ট্রিশিয়ান, টার্নার, কার্পেন্টার, রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক-সহ বিবিধ ট্রেডে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড দেওয়া হবে। এক্স আই টি আই ক্যাটেগরিতে ট্রেনিং হবে ১ বছরের। ফ্রেশার ক্যাটেগরিতে ওয়েল্ডার ও মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান ট্রেডে ট্রেনিং হবে ১ বছর ৩ মাস এবং বাকি ট্রেডগুলিতে ট্রেনিং হবে ২ বছর।

ওয়ার্কশপ অনুসারে আসনসংখ্যার বিন্যাস: ক্যারেজ অ্যান্ড ওয়াগন ওয়ার্কশপ পেরাম্বুর: ফিটার: ফ্রেশার:

এরপর সাতের পাতায়

## সরকারি বিমান সংস্থায় ২৪৪

### ইন্টারভিউ ৫, ১২ ও ১৯ জানুয়ারি, কলকাতায়

হ্যান্ডিম্যান, কাস্টমার এজেন্ট, ইউটিলিটি এজেন্ট-কাম-র‍্যাম্প ড্রাইভার এবং র‍্যাম্প সার্ভিস এজেন্ট পদে ২৪৪ জনকে নেবে এয়ার ইন্ডিয়া এয়ার ট্রান্সপোর্ট সার্ভিসেস। এটি এয়ার ইন্ডিয়ার অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিকভাবে ৩ বছরের চুক্তিতে নিয়োগ হবে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে, কলকাতায়। নিয়োগ করা হবে কলকাতা ও পাটনায়।

উল্লেখ্য, 'কর্মক্ষেত্র'-র ১৯ ডিসেম্বর সংখ্যায় 'এয়ার ইন্ডিয়া ট্রান্সপোর্ট সার্ভিসেসে ২৪৪' শীর্ষক সংবাদে আগাম এই খবর জানানো হয়েছিল। এবার শিক্ষাগত যোগ্যতা, আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্য জানানো হল।

শূন্যপদ: **হ্যান্ডিম্যান:** ১০১টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে কোনও সংস্থায় সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ইংরেজি পড়তে ও বুঝতে হবে। বাংলা এবং হিন্দি ভাষা বুঝতে ও বলতে জানলে অগ্রাধিকার। দৈহিক মাপজোক: পুরুষদের ক্ষেত্রে উচ্চতা ১৬০ সেমি

এরপর পনেরোর পাতায়

## রাজ্য ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশনে ৩২২

অফিস এক্সিকিউটিভ, লাইনসম্যান, এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট এবং স্পেশ্যাল টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদে ৩২২ জনকে নিয়োগ করবে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি। এটি রাজ্য সরকারের অধীনস্থ একটি সংস্থা। প্রবেশন ১ বছরের। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: REC/2018/06.

শূন্যপদের বিবরণ: **লাইনসম্যান:** ১৫০টি (সাধারণ ৪৫, সাধারণ-ই সি ২৪, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ৫,

এরপর ষোলোর পাতায়

## হকিন্সে সেলস ম্যানেজমেন্ট ট্রেনি

### ট্রেনিং চলাকালীন মাসিক বেতন ৬৩,০০০ টাকা

### ট্রেনিং শেষে বেতন প্রতি মাসে ৯৭,০০০ টাকা

বেশ কিছু সেলস ম্যানেজমেন্ট ট্রেনি নেবে হকিন্স কুকারস লিমিটেড। নিয়োগ হবে মার্কেটিং বিভাগে। প্রথমে দেড় বছরের ট্রেনিং। সফল হলে পাকাপাকি চাকরি।

সদ্য গ্র্যাজুয়েট তরুণ-তরুণীরা আবেদন করতে পারেন। ঘোরাঘুরির কাজ। বিপণনের প্রশিক্ষণ ও অভিজ্ঞতা অর্জনের পর নির্বাচিতদের মার্কেটিংয়ের কাজে নিয়োগ করা হবে। ট্রেনিং চলাকালীন মাসিক বেতন ৬৩,০০০ টাকা। ট্রেনিং শেষে বেতন প্রতি মাসে ৯৭,০০০ টাকা।

বয়স হতে হবে ২১ থেকে ২৮ বছরের মধ্যে।

প্রাথমিকভাবে প্রার্থী বাছাই হবে দরখাস্ত যাচাইয়ের মাধ্যমে। নির্বাচিত প্রার্থীদের ডাকা হবে লিখিত পরীক্ষায়। দেশের বিভিন্ন শহরে লিখিত পরীক্ষা নেওয়া হবে। সফল হলে গ্রুপ ডিসকাশন- ও ইন্টারভিউ। গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ আয়োজিত হবে মুম্বইয়ে। ট্রেনে যাতায়াতের ভাড়া পাওয়া যাবে সংস্থা থেকে।

বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (থাকলে) ইত্যাদি উল্লেখ করে দরখাস্ত করবেন। 'Reasons why I am interested in this job' —এই মর্মে নিজের হাতে ইংরেজিতে লেখা অনধিক ২০০ শব্দের একটি নোট দরখাস্তের সঙ্গে গেঁথে দিতে হবে।

এরপর পনেরোর পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন




# উত্তর রেলে ১০৯২ ট্রেড অ্যাপ্রেন্টিস

১,০৯২ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে উত্তর রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে এই প্রশিক্ষণ দেওয়া হবে। ফিটার, ইলেক্ট্রিশিয়ান, কার্পেন্টার-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে লখনউ, দিল্লি, ফিরোজপুর-সহ বিভিন্ন ক্লাস্টার এবং ওয়ার্কশপে ট্রেনিং হবে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: RRC/NR 02/2018/ Apprentice Act.

**ক্লাস্টার/ওয়ার্কশপ অনুসারে আসনসংখ্যার বিবরণ: ক্লাস্টার লখনউ (এল কে ও): এল কে ও ডিভিশন:** ফিটার: ২৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ৩টি আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, ২টি আসন দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৫টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। মেকানিক ডিজেল: ৬৮টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২৮)। এর মধ্যে ১টি আসন শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, ২টি আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৩টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রিশিয়ান: ৫টি (সাধারণ ১, তফসিলি জাতি ৩, ও বি সি ১)। এর মধ্যে ১টি আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। কার্পেন্টার: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ২)।

**ব্রিজ ওয়ার্কশপ, সি বি-এল কে ও:** ফিটার: ২টি (সাধারণ ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি আসন প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। মেকানিক মোটর ভেহিক্‌ল: ১টি (তফসিলি জাতি)। ফর্জার অ্যান্ড হিট ট্রিটার: ৩টি (সাধারণ)। ওয়েল্ডার গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক: ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। পেইন্টার (জেনারেল): ১টি (ও বি সি)। টার্নার: ১টি (সাধারণ)। মেটেরিয়াল হ্যান্ডলিং ইকুইপমেন্ট মেকানিক-কাম-অপারেটর: ৬টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

**সি অ্যান্ড ডব্লু শপ এ এম ভি-এল কে ও:** কার্পেন্টার: ৩১টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ১, ও বি সি ১৮)। এর মধ্যে ১টি করে আসন শ্রবণসংক্রান্ত এবং দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী, ২টি আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৪টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ফিটার: ২১টি (সাধারণ ১, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ১, ও বি সি ৯)। এর মধ্যে ১টি আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, ২টি আসন দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৪টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। পেইন্টার জেনারেল: ২৭টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৮, ও বি সি ১২)। এর মধ্যে ২টি আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। মেকানিক মেশিন টুল

এরপর পনেরোর পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




**কর্মক্ষেত্র**

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ২১ □ ২৬ ডিসেম্বর ২০১৮


**ই-মেল ঠিকানা**

সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in

## কর্মখালি

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা**

**বেতন: 10,600/- – 28700/-**

শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

আর্বানক্ল্যাপ সমগ্র কলকাতা জুড়ে নিয়োগ করছে সুদক্ষ প্লাম্বার, ইলেক্ট্রিসিয়ান এবং কার্পেন্টার। কমপক্ষে আয় 30,000/- + হেলথ এবং লাইফ ইনসিওরেন্স এবং সুবিধাজনক কাজের সময়। আগ্রহী হলে মিসড কল দিন 95992-85736 নম্বরে অথবা আসুন সকাল 10টা থেকে সন্ধ্যা 7টার মধ্যে, সোম-শুক্র, নিম্নলিখিত ঠিকানায়: কৃষ্ণা বিল্ডিং, 224, আচার্য জগদীশ চন্দ্র বসু রোড, বেক বাগান, মিন্টো পার্ক, কলকাতা, পশ্চিমবঙ্গ 700 020.

□

**A all India competitive Institute** Require following for their branches at Serampore, Durgapur and Siliguri. 1) Engg Faculty: Electrical, Mechanical, Civil and Electronics and communications. 2) Faculty for English, Reasoning, Mathematics, GK and GA. 3) Marketing Executive. Contact: capgalri@gmail.com / 8017888245

□

**JIO 4G / VODA ও ON LINE SHOPING**

বাংলা কাস্টমার কেয়ারে মাধ্যমিক-গ্র্যাজুয়েট (18-35), ছেলেমেয়েদের স্পট সিলেকশন চলছে। বেতন: যোগ্যতানুসারে INC + OT + BONUS-সহ 11,500/- ও অন্যান্য সুবিধা। প্রয়োজনে শিখে জয়েনিং। IIFA, Kol-28. দমদম (H.O.): 84206-66060, গড়িয়া: 30020-33880, দমদম (উঃ): 99032-23211, শিলিগুড়ি: 98307-71003.

□

মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 90739-82781.

□

**BSNL / VODA / JIO**

কাস্টঃ কেয়ারে (10-6 PM) রাজ্যের বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক - M.A) অভিজ্ঞ / অনভিজ্ঞ M.F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38), বেতন শুরু: 12,700/- + PF + ESI + মেস। IING, Kol-08, বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 82769-83240.

□

**Jio / Vodafone / SBI কাস্টঃ কেয়ারে** বাংলা ভাষা জানা ছেলেমেয়ে সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 11,800/-. Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91, হাওড়া ও হুগলি: 98301-20692, মেদিনীপুর ও বর্ধমান: 70440-49492.

□

**Airport, মেট্রোরেল ও প্রাইভেট BANK (DSA) সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে স্পট জয়েনিং**

**Govt. Regd. L. No. WB-05271**

**M: 83481-45670**

স্ট্যাম্প পেপারে লিখিত গ্যারান্টি-সহ কোনওরকম ডোনেশন ছাড়াই উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরাসরি কোম্পানির Direct পে-রোলে স্থায়ী পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (10,500/- – 42,500/-), OT, PF ESI ছুটি বোনাস প্রমোশন-সহ থাকা খাওয়া ফ্রি। কাজ পেতে অতি সত্বর যোগাযোগ করুন পরিচয়পত্র ও যোগ্যতার কাগজপত্র-সহ। P. C, J. D. Rd, PGS-24, 743144. (M): 83481-45670

□

**Airport মেট্রোতে Pvt. ব্যাঙ্কে স্থায়ী জব**

সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশনে Airport ও মেট্রোতে ও ব্যাঙ্ক DSA-তে কন্ট্রাক্টরের অধীনে নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48600/-. বয়স: 18-40 বছর। অন্যান্য সুবিধা: D. L. C, শিয়ালদহ, কলি-09, 83709-54324.

□

**JOB VACANCY**

**Govt. Reg-L/No-1860A,** সম্পূর্ণ বিনা ডোনেশনে 3-4 দিনের মধ্যে প্রতিটি জেলায় Pvt. BANK, টাওয়ার, ATM, শপিংমল, Dish TV ও MNC বিভিন্ন Official পদে (৪র্থ-উচ্চশিক্ষিত) টার্গেট ছাড়া Direct জয়েনিং। বেতন: (11,200/- – 29,500/-). কর্মপ্রার্থীর আবেদনের মুহূর্তে Joining Date জানানো হবে। DJS, ডালহৌসি, কলি-১। (M): 97343-13638 / 86954-99063.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

শহর থেকে গ্রামে প্রত্যেক কর্মপ্রার্থীদের বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রোতে চাকরি। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,500/- – 49,700/-, বয়স: 18-45, D. L. C, সল্ট লেক, কলি-64, M: 83709-56124.

□

**সঠিক জায়গায় ফোন করে কাজ নিয়ে যান। স্ট্যাম্প পেপারে লিখিত গ্যারান্টি-সহ 4 দিনের মধ্যে নিজের জেলায় স্থায়ী কাজ**

**Govt. Regd. L.No. EWK 09278**

**M: 97328-90961**

সম্পূর্ণ বিনা ডোনেশনে উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের শিক্ষাগত যোগ্যতানুযায়ী কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রোরেল ও প্রাইভেট BANK (DSA) সংস্থায় সরাসরি M/F নিয়োগ চলছে। এছাড়া LTD. PVT. কোম্পানি-সহ 4G Tower-এ লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (10,500/- – 42,700/-). OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশনের সুবিধা-সহ থাকা-খাওয়া ফ্রি। কাজ পেতে অথবা কাজের বিশদ জানতে যোগাযোগ করুন: P. Corporate, 408 J. D. Rd, Ichapore. M: 97328-90961.

□

ATM গার্ড ও টাওয়ার চেকিং-এর কাজের জন্য কর্মী চাই। বেতন: 13,500/- – 18,500/-. M: 74773-12519. R. J. S., R. B. L., Kol-9.

□

**বিনা ডোনেশনে সুনিশ্চিত ভবিষ্যৎ গড়তে ফোন করুন**

গভঃ লাইসেন্সপ্রাপ্ত (L. No-EWK 70082) অফিস দিচ্ছে সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রোরেল ও P.V.T BANK DSA) সংস্থায় সরাসরি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক, বেতন: (8,900/- – 37,800/-), এছাড়া OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা খাওয়া সম্পূর্ণ ফ্রি। যোগাযোগ: B. C., ব্যান্ডেল, হুগলি। M: 70766-75198.

□

**শীঘ্রই যোগাযোগ করুন**

**www.gcagroup.co.in** ৪র্থ-বি. এ যোগ্যতায় WB-এর প্রতিটি জেলায় (BANK) DSA, শপিংমল, ATM, কনস্ট্রাকশন, 4G টাওয়ার, MNC-তে 11,700/- – 28,500/-) বেতনে অফিসিয়াল বিভিন্ন পদে ESI ও PF-সহ স্থায়ী কাজে M/F চাই। N. D, সেন্ট্রাল অ্যাভেনিউ, কলি-৭। (M): 77978-39612 / 87687-70461.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

**Airport ও মেট্রোতে পার্মানেন্ট জব।** স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 45,900/-, এছাড়া PF, ESI, OT-সহ থাকা-খাওয়ার সুব্যবস্থা। বয়স: 18-40, D.J.S.C. বালিগঞ্জ ফাঁড়ি মোড়, কোল-19, (M): 83718-73424.

□

**এয়ারপোর্ট ও মেট্রো**

গ্যারান্টি সহকারে সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 16,500/- – 49,300/-. এছাড়া PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। বয়স: 18-40, D.J.S, হাওড়া, শিবপুর, (M): 83719-21244.

□

**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# এলাহাবাদ হাইকোর্টে ৩৪১

## অ্যাসিস্ট্যান্ট রিভিউ অফিসার, অ্যাডিশনাল প্রাইভেট সেক্রেটারি ও ড্রাইভার

অ্যাসিস্ট্যান্ট রিভিউ অফিসার, অ্যাডিশনাল প্রাইভেট সেক্রেটারি এবং ড্রাইভার পদে ৩৪১ জন কর্মী নিয়োগ করবে এলাহাবাদ হাইকোর্ট। মনে রাখবেন, পশ্চিমবঙ্গের প্রার্থীরা জেনারেল ক্যাটেগরির প্রার্থী হিসেবে বিবেচিত হবেন। উত্তরপ্রদেশে বসবাসকারী প্রার্থীরাই শুধুমাত্র এক্ষেত্রে সংরক্ষণের যাবতীয় সুযোগ-সুবিধা পাবেন।

**শূন্যপদের বিন্যাস:** বিজ্ঞপ্তি নম্বর: 02/A.R.O./2018: **অ্যাসিস্ট্যান্ট রিভিউ অফিসার:** শূন্যপদ: ২৭৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক, সঙ্গে কম্পিউটারের জ্ঞান থাকতে হবে। **বয়স:** ১-৭-২০১৮ তারিখে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।।

বিজ্ঞপ্তি নম্বর: 01/A.P.S./2018: **অ্যাডিশনাল প্রাইভেট সেক্রেটারি:** শূন্যপদ: ২৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক, সঙ্গে ইংরেজিতে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ১০০টি শব্দের দ্রুততা এবং কম্পিউটারে প্রতি মিনিটে ৪০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। সেই সঙ্গে কম্পিউটারের জ্ঞান থাকতে হবে। **বয়স:** ১-৭-২০১৮ তারিখে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৮০০ টাকা।।

বিজ্ঞপ্তি নম্বর: 03/Drivers (C)/2018: **ড্রাইভার গ্রেড-ফোর (গ্রুপ সি, ক্লাস থ্রি):** শূন্যপদ: ৪১টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে ৫ বছরের পুরনো ড্রাইভিং লাইসেন্স (চার চাকা যান) থাকতে হবে। **বয়স:** ১-৭-২০১৮ তারিখে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা।।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার নলেজ টেস্ট ও ড্রাইভার ট্রেড টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.allahabadhighcourt.in অনলাইন দরখাস্ত করা যাবে ৭ জানুয়ারি পর্যন্ত। ফি বাবদ দিতে হবে অ্যাসিস্ট্যান্ট রিভিউ অফিসার এবং অ্যাডিশনাল প্রাইভেট সেক্রেটারি পদের ক্ষেত্রে ৭৫০ টাকা এবং ড্রাইভার পদের ক্ষেত্রে ৫০০ টাকা।

বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


**কর্মক্ষেত্র কারা পড়েন?**

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: advt@swarnakshar.in



**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৯ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

৯ জানুয়ারি **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৫ জানুয়ারি দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন
সকাল সাড়ে ১০টা থেকে ২টো।



**কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা**

**স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড**
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
**বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:**
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬



**স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই**

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণকাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
**ছোটদের বই**
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘন্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# মিনি বুক বাইন্ডিং মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** এই মেশিনের সাহায্যে খাতা এবং পাতলা ও মাঝারি আকারের বই বাঁধাই করা সম্ভব। সাদা, লাইন টানা, বিজ্ঞানের প্র্যাক্টিক্যাল খাতা প্রভৃতি সবরকম খাতারই সারাবছর চাহিদা থাকে। খাতা তৈরি করে এবং বই বাইন্ডিং করে অর্ডার অনুযায়ী স্কুলে স্কুলে বা দোকানে সাপ্লাই করতে পারেন।

**কীভাবে করবেন:** প্রথমে বাজার থেকে রিম কাগজ কিনে আনতে হবে। সস্তায় এই কাগজ পাবেন বৈঠকখানা বাজার অঞ্চলে। এরপর পেপার কাটিং মেশিনের সাহায্যে খাতার মাপ অনুযায়ী তা কেটে নিতে হবে। যদি লাইন টানা খাতা তৈরি করতে চান তবে রুলিং মেশিনের প্রয়োজন। রুলিং মেশিনের সাহায্যে সাদা পাতায় প্রয়োজনমতো লাইন টেনে নিতে হবে। বিভিন্ন রঙের, বিভিন্ন ডিজাইনের, বিভিন্ন সাইজের মলাট বাজারে কিনতে পাওয়া যায়। এবার প্রয়োজনমতো নির্দিষ্ট সংখ্যক পাতা মলাটসমেত একত্র করে বাইন্ডিং মেশিনে দিলে নিজে থেকেই খাতা এবং বই বাইন্ডিং হয়ে বেরিয়ে আসবে। পেপার কাটিং মেশিনের জন্য মোটর লাগবে ২ হর্সপাওয়ার, রুলিং মেশিনের জন্য মোটর লাগবে ১ হর্সপাওয়ার এবং সেমি-অটোম্যাটিক বাইন্ডিং মেশিনের জন্য মোটর লাগবে ৩ হর্সপাওয়ার। বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** পেপার কাটিং মেশিনটির দাম পড়বে ১ লাখ ৩০,০০০ টাকা। রুলিং মেশিনের দাম পড়বে ৭০,০০০ টাকা। বাইন্ডিং মেশিনটির দাম পড়বে ৭৫,০০০ টাকা। পায়েচালিত স্টিচিং মেশিনের দাম পড়বে ৪০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# ই এস আইয়ে নার্স ও প্যারামেডিক্যাল কর্মী

স্টাফ নার্স, ফার্মাসিস্ট (অ্যালোপ্যাথি), ই সি জি টেকনিশিয়ান-সহ বিভিন্ন পদে ৯৬ জনকে নেবে এমপ্লয়িজ স্টেট ইনশিওরেন্স কর্পোরেশন (ই এস আই সি)-এর পশ্চিমবঙ্গ রিজিয়ন। নিয়োগ করা হবে সংস্থার অধীনস্থ মেডিক্যাল শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল এবং ডিসপেন্সারিতে।

**শূন্যপদের বিবরণ:** পোস্ট কোড ১: **স্টাফ নার্স:** ৬১টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ১৫)। এর মধ্যে ৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: জেনারেল নার্সিং ও মিডওয়াইফারিতে ডিপ্লোমা, সঙ্গে নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স: ২১-১-২০১৯ তারিখে ৩৭ বছরের মধ্যে। বেতনক্রম: ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

পোস্ট কোড ০৬: **ফার্মাসিস্ট (অ্যালোপ্যাথি):** ১৩টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, ও বি সি ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ফার্মাসিতে স্নাতক বা উচ্চমাধ্যমিক, সঙ্গে ফার্মাসিতে ডিপ্লোমা। এর পাশাপাশি ফার্মাসিস্ট হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স: ২১-১-২০১৯ তারিখে ৩২ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৯,২০০-৯২,৩০০ টাকা।

পোস্ট কোড ৪০: **ই সি জি টেকনিশিয়ান:** ৩টি (তফসিলি জাতি ২, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় স্নাতক। কোনও সংস্থায় ই সি জি মেশিন হ্যান্ডলিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা উচ্চমাধ্যমিক, সঙ্গে কোনও সংস্থায় ই সি জি মেশিন হ্যান্ডলিংয়ের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২১-১-২০১৯ তারিখে ৩২ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

পোস্ট কোড ১৫: **ল্যাব অ্যাসিস্ট্যান্ট:** ৭টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে এ আই সি টি ই দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা। বয়স: ২১-১-২০১৯ তারিখে ৩২ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২১,৭০০-৬৯,১০০ টাকা।

পোস্ট কোড ১৪: **অপারেশন থিয়েটার অ্যাসিস্ট্যান্ট:** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে কোনও হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২১-১-২০১৯ তারিখে ৩২ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২১,৭০০-৬৯,১০০ টাকা।

পোস্ট কোড ৪১: **মেডিক্যাল সোশ্যাল ওয়ার্কার:** ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সোশ্যাল ওয়ার্কে ডিগ্রি বা ডিপ্লোমা। ফ্যামিলি প্ল্যানিং বা সোশ্যাল ওয়ার্ক বা হেলথ এডুকেশন বা ট্রেনিং-সংক্রান্ত কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ২১-১-২০১৯ তারিখে ৩৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

সব ক্ষেত্রেই তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ১২৫ নম্বরের পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয় (১০০ নম্বর) এবং অ্যাপ্টিটিউড, জেনারেল ইন্টেলিজেন্স, জেনারেল অ্যাওয়ারনেস এবং এরিথমেটিক এবিলিটি (২৫ নম্বর) বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। সময়সীমা ২ ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.esic.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২১ জানুয়ারি। অনলাইন দরখাস্তের সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালিতে করা সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালিতে হাতে লেখা একটি ডিক্লারেশন (৫০ থেকে ১০০ কেবি-র মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। তবে এক্ষেত্রে পরীক্ষায় বসলে ফি বাবদ দেওয়া এই ২৫০ টাকা প্রার্থীকে ফেরত দেওয়া হবে। অনলাইন পদ্ধতিতে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এই প্রিন্ট আউট ও ই-রিসিপ্ট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# শিল্পজিজ্ঞাসা

**'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।**

□ *সার্টিফায়েড ক্রেডিট কাউন্সেলরের কাজের বিষয় ও পরিধি সম্পর্কে একটা ধারণা পেতে চাই। কীভাবে সম্ভব? —অনিন্দ্য ঘোষ, দুর্গাপুর, বর্ধমান।*

□□ আপনি স্মল ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার (সিডবি) এই ওয়েবসাইটটি দেখুন: www.sidbi.in ওয়েবসাইটে 'জয়েন আস এস সি সি সি এস' বিভাগ পাবেন। সেখানে ক্লিক করলে 'ই-হ্যান্ডবুক ফর সি সি সি এস' উইন্ডোটি পাবেন। এই হ্যান্ডবুক থেকে সার্টিফায়েড ক্রেডিট কাউন্সেলরের (সি সি সি) কাজকর্ম সম্পর্কে বিশদে জানতে পারবেন। চাইলে হ্যান্ডবুকটির প্রিন্ট আউটও নিতে পারেন।

□ *অনলাইন ব্যবসার ক্ষেত্রে প্রযোজ্য আইনকানুন সম্পর্কে জানতে চাই। কীভাবে জানা যেতে পারে? —গৌরব দে, শকুন্তলা পার্ক, কলকাতা।*

□□ এ-সম্পর্কিত বিভিন্ন ওয়েবসাইট রয়েছে। একটি ওয়েবসাইট: www.lawyered.in সাইবার ল নিয়ে কাজ করেন এমন কোনও আইনজীবীর পরামর্শ নিতে পারেন।

□ *আমি বেতের বিভিন্ন সামগ্রী তৈরি করি। আর্টিজানের পরিচয়পত্র আছে। আমি পশ্চিমবঙ্গের মধ্যে ও জাতীয় স্তরের হস্তশিল্প মেলাগুলিতে অংশগ্রহণ করতে চাই। অনুমতির জন্য আমাকে কোথায় যোগাযোগ করতে হবে? —সুকান্ত প্রামাণিক, ইটাহার, উত্তর দিনাজপুর।*

□□ আপনি সাদা কাগজে আপনার আগ্রহের কথা জানিয়ে আবেদন করুন। আবেদনপত্রটি জমা দেবেন আপনার জেলার সরকারি শিল্পকেন্দ্রে। ঠিকানা: কমার্শিয়াল এস্টেট, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর। ফোন: (০৩৫২৩) ২৫২১৪১।

□ *আমি ক্যাকটাসের ব্যবসা করতে চাই। পশ্চিমবঙ্গের মধ্যেই ভালো মানের ক্যাকটাসের চারা কোথায় কিনতে পাওয়া যাবে? —কমল দাশ, দমদম, কলকাতা।*

□□ বড় বড় নার্সারিতে ক্যাকটাস কিনতে পাওয়া যাবে। আপনি এই ওয়েবসাইটগুলি দেখতে পারেন: (১) www.greenwavenursery.com (২) www.exportersindia.com (৩) www.bxpn.co.in


MRF

requires

**OPERATIONAL ASSISTANTS FOR SALES DIVISION**

MRF is India's largest tyre maker having an annual turnover exceeding Rs.15,000 crores.

Male Commerce graduates with 50% marks and above in the age group of 22 to 26 years with 1 to 3 years' accounting experience, willing to work in Sales Offices anywhere in the country, may apply. Familiarity in computer operations – MS Office and Tally are essential.

Salary will not be a constraint for the right candidate.

Interested candidates may apply through our website **www.mrftyres.com/careers** by attaching a detailed resume clearly mentioning current salary, email address and contact number along with a recent passport size photograph within 7 days of this advertisement.

The Human Resources Department
**MRF Limited**
114, Greams Road, Chennai - 600 006.
www.mrftyres.com/careers



পঃ বঙ্গের সব থেকে বেশি (RRB) রেলে চাকরী পাওয়ার প্রতিষ্ঠান

**RRB JE Special Batch শুরু 3rd/6th January**

**ALP/TECH CBT 2 নতুন ব্যাচে ভর্তি চলছে।**

**Tech/Non Tech Combined ব্যাচে ভর্তি চলছে।**

নিচে কিছু সফল ছাত্র-ছাত্রীর ছবি দেওয়া হল




**তপোবন স্টাডি সেন্টার ফর টেকনিক্যাল**® Govt. Regd.

ভদ্রেশ্বর, জেলা ঃ হুগলি — আমাদের কোনো শাখা নেই

**M. : 8820022385, 9681026768** (8am-5pm) প্রতিদিন খোলা, মাসিক মাইনে, হোস্টেল আছে।

FOR **ITI, DIPLOMA & B.TECH** STUDENTS : RAIL (SSE,JE, ALP,Technician),SAIL, MES, ORDNANCE, NTPC, DVC, TCL, PDCL, DRDO, BSNL,
FOR **MP, HS & Graduate students** : RAIL (ASM, GOODS GUARDS, TC, CLERK) PSC, SSC, BANK, GR'D' etc.

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*শীর্ষে পৌঁছনোর জন্য, সে মাউন্ট এভারেস্টই হোক বা কেরিয়ার, শক্তির দরকার হয়। শক্তি সঞ্চয় করো।*
*— এ পি জে আব্দুল কালাম*
*(ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি)*

*✓ সোশিওলজি অনার্স পাশ করেছি এবছরই। অনার্সে প্রথম শ্রেণির নম্বর আছে। চাকরির পরীক্ষার জন্য পড়াশোনা শুরু করেছি। আমার যোগ্যতা অনুসারে চাকরির খবর দেবেন।*

*চিত্রা সরকার, কাশীপুর, কলকাতা-২।*

☐ গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরির জন্য আপনি আবেদন করতে পারবেন। নির্দিষ্ট কয়েকটি চাকরি বাছাই করে আগে থেকে সেইসব চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে পারেন।

***এখনই আবেদন করতে পারেন:*** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে যে কোনও শাখার গ্র্যাজুয়েটরাই রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (জেনারেলিস্ট) পদে চাকরির জন্য আবেদন করতে পারেন। নিউ ইন্ডিয়া অ্যাশিওরেন্স ৩১০জন অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার নিয়োগ করবে। জেনারেলিস্ট শাখায় শূন্য পদ ২৪৫টি। 'কর্মক্ষেত্র'-র ১৪ ডিসেম্বর সংখ্যায় 'নিউ ইন্ডিয়া অ্যাশিওরেন্সে ৩১০ অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২৬ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.newindia.co.in আপনি আবেদন করতে পারেন।

মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে যে কোনও শাখার গ্র্যাজুয়েটরাই রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (জেনারেলিস্ট) পদে চাকরির জন্য আবেদন করতে পারেন। নিউ ইন্ডিয়া অ্যাশিওরেন্স ৩১০জন অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার নিয়োগ করবে। জেনারেলিস্ট শাখায় শূন্য পদ ২৪৫টি। 'কর্মক্ষেত্র'-র ১৪ ডিসেম্বর সংখ্যায় 'নিউ ইন্ডিয়া অ্যাশিওরেন্সে ৩১০ অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২৬ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে:
www.newindia.co.in

বেশ কিছু প্রবেশনারি অফিসার নেবে লক্ষ্মীবিলাস ব্যাঙ্ক। ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক ডিগ্রিধারীরা আবেদনের যোগ্য। ব্যাঙ্কের চাকরিতে আগ্রহ থাকলে আবেদন করতে পারেন। ৩০ ডিসেম্বরের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.lvbank.com

ভারতীয় বিমানবাহিনী বিভিন্ন বিভাগে ট্রেনিং দিয়ে অফিসার নিয়োগ করবে। স্নাতক ডিগ্রিতে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে আবেদন করা যাচ্ছে। প্রার্থীর উচ্চতা হতে হবে অন্তত ১৫২ সেমি (মহিলাদের ক্ষেত্রে)। প্রয়োজনীয় উচ্চতা থাকলে আপনি গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) অথবা লজিস্টিক্স বিভাগের জন্য আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৩০ নভেম্বর সংখ্যায় 'বিমানবাহিনীতে ট্রেনিং দিয়ে ১৬৩ অফিসার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ৩০ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: www.careerindianairforce.cdac.in, http://afcat.cdac.in

***পরে আবেদন করতে পারবেন:*** আপনি রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদেও আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে ক্লার্ক, প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার এবং অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের অফিসার র‍্যাঙ্কের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অফিসার র‍্যাঙ্কে চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে ওয়েলফেয়ার অফিসার পদের চাকরির জন্য আপনি আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি।

*✓ মাধ্যমিক পাশ করার পরে একটি প্রতিষ্ঠান থেকে হাউসকিপিংয়ের প্রশিক্ষণ নিয়ে বর্তমানে একটি রেস্তোরাঁয় চাকরি করছি। সরকারি চাকরির সুযোগ আছে কি?*

*অচিন ঘোষ, শ্রীরামপুর, হুগলি।*

☐ মাধ্যমিক যোগ্যতায় কয়েকটি চাকরির জন্য আপনি আবেদন করতে পারবেন। হাউসকিপিংয়ের প্রশিক্ষণ রয়েছে আপনার। রেস্তোরাঁয় ওয়েটারের কাজেরও অভিজ্ঞতা আছে। ফলে হাউসকিপিং এবং ওয়েটারের চাকরির জন্যও আপনি বিশেষ উদ্যোগী হতে পারেন।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু স্টুয়ার্ড নেবে ভারতীয় নৌবাহিনী। ওয়েটার এবং হাউসকিপারের দায়িত্ব পালন করতে হবে। আপনি আবেদন করতে পারেন। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। 'কর্মক্ষেত্র'-র ১৪ ডিসেম্বর সংখ্যায় 'নৌবাহিনীতে ৪০০ স্টুয়ার্ড, শেফ, হাইজিনিস্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ৩০ ডিসেম্বরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in

***পরে আবেদন করতে পারবেন:*** ভারতীয় সামরিক বাহিনীগুলিতে সময়ে সময়ে স্টুয়ার্ড নিয়োগ করা হয়। সেনাবাহিনী এবং বিমানবাহিনীতেও আপনি স্টুয়ার্ড পদে আবেদন করতে পারবেন।

কেন্দ্রীয় সরকারের মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ে গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন। রেলে গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের 'খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। রাজ্যের স্কুলগুলিতে গ্রুপ 'ডি' পদে চাকরির জন্য স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় বসতে পারবেন। মাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে সহায়ক পদে আবেদন করতে পারবেন।

*✓ আমি কেমিস্ট্রি অনার্স পড়ছি প্রথম বর্ষে। কেমিস্ট্রি, ফিজিক্স ও অঙ্ক নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করেছি এবছরেই। চাকরির প্রয়োজন এখনই। আমি কোন কোন সরকারি চাকরির জন্য আবেদন করতে পারব জানতে চাই।*

*রাজদীপ মিত্র, সরশুনা, দক্ষিণ ২৪ পরগনা।*

☐ স্নাতক ডিগ্রি সম্পূর্ণ না হওয়া পর্যন্ত আপনার শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক বলেই বিবেচিত হবে। অর্থাৎ আপনি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্য আবেদন করতে পারবেন। চাকরির পরীক্ষায় বসতে হবে এবং সফলও হতে হবে। ফলে চাকরির পরীক্ষার জন্য পড়াশোনা শুরু করুন।

***এখনই আবেদন করতে পারেন:*** উচ্চতা অন্তত ১৫৭ সেমি হলে এবং বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকলে নৌবাহিনীতে নাবিক পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৪ ডিসেম্বর সংখ্যায় 'নৌবাহিনীতে ২৫০০ নাবিক' শীর্ষক সংবাদে এই নিয়োগের বিশদ তথ্য জানানো হয়েছে। ৩০ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in

## সিদ্ধান্ত, পরিকল্পনা ও প্রস্তুতি ঠিক থাকলে সাফল্য অনিবার্য



সুহৃতা চক্রবর্তী
প্রফেসর, পোস্ট-হারভেস্ট টেকনোলজি অব হর্টিকালচারাল ক্রপস বিভাগ, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়

আমি মনে করি, উচ্চমাধ্যমিক স্তরেই পরবর্তী স্তরের পড়াশোনার পরিকল্পনা এবং সেইসঙ্গে কেরিয়ারের একটা রূপরেখা ছকে নিতে পারলে ভালো হয়। বেশিরভাগ ছেলেমেয়ে সায়েন্স, কমার্স বা আর্টস নিয়ে স্নাতকস্তরের পড়াশোনা করেন। কিন্তু গ্র্যাজুয়েশনের পরে কি? সেই উত্তরটা আগে থেকেই তৈরি থাকা দরকার। গ্র্যাজুয়েশনের পরে চাকরি করা যেতে পারে। উচ্চস্তরের পড়াশোনাও করা যেতে পারে। পেশাদারি পড়াশোনার সুযোগও রয়েছে। গ্র্যাজুয়েশনের বিষয় নিয়েই উচ্চস্তরের পড়াশোনা করতে চাইলে সেই ইচ্ছেটাও পরিকল্পনাপ্রসূত হতে হবে। সেক্ষেত্রে পি এইচ ডি স্তর পর্যন্ত পড়াশোনার পর্বটা চালিয়ে যেতে পারলে কাজের জগতে এগিয়ে থাকা যাবে। গ্র্যাজুয়েশনের পরে বিভিন্ন স্পেশালাইজড বিষয়ে ম্যানেজমেন্ট পড়া যায় আরও নানা পেশাদারি কোর্স পড়া যায়। যেমন আর্টস শাখায় গ্র্যাজুয়েশন সম্পূর্ণ করার পরে জার্নালিজম, অ্যাডভার্টাইজমেন্ট, ইভেন্ট ম্যানেজমেন্ট, ট্র্যাভেল ট্যুরিজম মাল্টিমিডিয়া ও থ্রি ডি অ্যানিমেশন, আইন প্রভৃতি বিষয় নিয়ে পড়াশোনা করা যায়। কমার্সের গ্র্যাজুয়েটরা চার্টার্ড অ্যাকাউন্টেন্সি, কস্ট অ্যাকাউন্টেন্সি এবং সার্টিফায়েড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টিং, সার্টিফায়েড পাবলিক অ্যাকাউন্টিংয়ের মতো পেশাদারি কোর্স পড়তে পারেন। সায়েন্স গ্র্যাজুয়েটরা নিজের নিজের বিষয় অনুসারে এনার্জি ম্যানেজমেন্ট, এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট, এগ্রি-বিজনেস, ফার্মাকোভিজিল্যান্স, রোবোটিক্স, জেনেটিক্স, জু কিউরেটর, পাবলিক হেল্থ স্পেশালিস্টের মতো হরেক বিষয় নিয়ে পড়তে পারেন। কাজকর্মের সুযোগ এবং ব্যক্তিগত আগ্রহের মধ্যে মেলবন্ধন ঘটিয়ে কোন কোর্স পড়বেন, সে-বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে।

এবার আসা যাক চাকরির প্রশ্নে। গ্র্যাজুয়েশনের পরে বিভিন্ন সরকারি চাকরির সুযোগ রয়েছে। এখন, গ্র্যাজুয়েশনের পরেই চাকরির ব্যাপারে উদ্যোগী হবেন, কিন্তু এই সিদ্ধান্তটা যদি আগেই নিয়ে ফেলতে পারেন, তবে সুবিধা হচ্ছে এই যে, আপনি অনেক আগে থেকেই চাকরির প্রতিযোগিতামূলক পরীক্ষাগুলোর জন্য প্রস্তুত হতে পারেন। অত্যন্ত ভালো প্রস্তুতি ছাড়া সরকারি চাকরির পরীক্ষায় সফল হওয়া সম্ভব নয়। ফলে প্রস্তুতি নেওয়ার জন্য আপনাকে সময় দিতে হবে।

সরকারি চাকরির পরিসীমার মধ্যেই চাকরির জগতটা শেষ, এমন কথা ভাবার কারণ নেই। বেসরকারি ক্ষেত্রেও নানা চাকরি আছে। কিছু চাকরির ক্ষেত্রে পেশাদারি দক্ষতার প্রয়োজন হয়। সেই দক্ষতা অর্জনের জন্য আপনাকে পেশাদারি কোর্স করতে হতে পারে। যেক্ষেত্রে আলাদা করে এরকম কোনও কোর্স করার দরকার নেই, সেক্ষেত্রেও আপনাকে একটা প্রস্তুতি নিতে হবে। নিজেকে নানা দিক থেকে গুছিয়ে নেওয়ার প্রস্তুতি, কর্পোরেট জগতের সঙ্গে মানানসই আচার-ব্যবহার, পরিশীলিত কথাবার্তা, নিজের ভাবনাচিন্তা অন্য কাউকে বুঝিয়ে বলার ক্ষমতা ইত্যাদি আয়ত্ত করতে হবে। অন্তত কাজ চালানোর মতো ইংরেজি বলার চর্চাটাও গুরুত্বপূর্ণ। কম্পিউটার ব্যবহারে সড়গড় হতে পারলে খুবই ভালো। আর চারদিকে গুরুত্বপূর্ণ কী কী ঘটনা ঘটছে, যাকে আমরা সাধারণভাবে কারেন্ট অ্যাফেয়ার্স বলি, সে-সম্পর্কেও ওয়াকিবহাল থাকতে হবে। যে সংস্থায় ইন্টারভিউ দিতে যাবেন, সেই সংস্থার কাজকর্ম সম্পর্কে আগে থেকেই একটা ধারণা পাওয়ার চেষ্টা করবেন। সব মিলিয়েই একটা প্রস্তুতি। সঠিক সিদ্ধান্ত, পরিকল্পনা ও প্রস্তুতির সমন্বয় ঘটাতে পারলে আপনি অবশ্যই সফল হবেন।

উচ্চতা অন্তত ১৫৭ সেমি হলে এবং বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকলে নৌবাহিনীতে নাবিক পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৪ ডিসেম্বর সংখ্যায় 'নৌবাহিনীতে ২৫০০ নাবিক' শীর্ষক সংবাদে এই নিয়োগের বিশদ তথ্য জানানো হয়েছে। ৩০ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে:
www.joinindiannavy. gov.in

বেশ কিছু এয়ারম্যান নেবে ভারতীয় বিমানবাহিনী। অঙ্ক ও ফিজিক্স নিয়ে উচ্চমাধ্যমিক পাশ তরুণরা আবেদনের যোগ্য। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ এবং ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। উচ্চতা হতে হবে ১৫২.৫ সেমি। বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। আগ্রহী হলে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৪ ডিসেম্বর সংখ্যায় 'এয়ারফোর্সে এয়ারম্যান' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ২ থেকে ২১ জানুয়ারির মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.airmenselection.cdac.in

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।
আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:*
*(নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

### কলকাতা বিশ্ববিদ্যালয়ে আইনের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স



আইনের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়। কোর্সটি পড়ানো হবে কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ, সুরেন্দ্রনাথ ল কলেজ, যোগেশ চন্দ্র চৌধুরি ল কলেজ, সাউথ ক্যালকাটা ল কলেজ এবং কলকাতা পুলিশ ল ইনস্টিটিউটে। কোর্সের মেয়াদ ২ বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** বি এ এল এল বি (অনার্স) বা বি এ এল এল বি বা এল এল বি বা এল এল বি (অনার্স) পাশ।

মোট আসনের মধ্যে ৫০ শতাংশ কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বি এ এল এল বি (অনার্স) কোর্স পাশ ছাত্রছাত্রীদের জন্য সংরক্ষিত থাকবে। প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে। বাকি আসনে ভর্তির জন্য নেওয়া হবে ১০০ নম্বরের একটি প্রবেশিকা পরীক্ষা। পরীক্ষা ২০ জানুয়ারি, দুপুর ১টা থেকে আড়াইটে পর্যন্ত। পরীক্ষাকেন্দ্রের ঠিকানা: ডিপার্টমেন্ট অব ল, ৫১/১, হাজরা রোড, কলকাতা-১৯।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.caluniv.ac.in

#### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓ফি জমা দেওয়ার চালানের রসিদ। ফি বাবদ দিতে হবে ৪০০ টাকা (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা)। বিশ্ববিদ্যালয়ের হাজরা ক্যাম্পাসের ক্যাশ কাউন্টারে দুপুর সাড়ে ১২টা থেকে বিকেল তিনটের মধ্যে নগদে ফি জমা দিয়ে ক্যাশ চালান সংগ্রহ করা যাবে।
- ✓প্রার্থীর তিন কপি ফটো। ফটোগুলি আবেদনপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন এবং ফটোর ওপর সই করে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓অন্যান্য প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ পূরণ করা আবেদনপত্র যে-কোনও কাজের দিন সরাসরি গিয়ে জমা দিতে হবে এই ঠিকানায়: The Office of the Faculty of Law, 51/1, Hazra Road, Kolkata-700 019. আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৮ জানুয়ারি।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### আকুপাংচারের সার্টিফিকেট কোর্স

আকুপাংচারের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে ডঃ বি কে বসু মেমোরিয়াল রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইনস্টিটিউট অব আকুপাংচার। কোর্সটি রাজ্যের কাউন্সিল অব আকুপাংচার থেরাপি দ্বারা অনুমোদিত। কোর্সের মেয়াদ ৪ মাস।

**শিক্ষাগত যোগ্যতা:** এম বি বি এস বা বি এইচ এম এস বা বি এ এম এস।

**কোর্স ফি:** ২,৫০০ টাকা।

পর্যায়ক্রমে ক্লাস করানো হবে শম্ভু নাথ পণ্ডিত হসপিটাল, এন আর এস মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল এবং ডঃ বি কে বসু আকুপাংচার ক্লিনিকে। কোর্স শুরু হবে ২১ জানুয়ারি থেকে। ক্লাস হবে সোম, মঙ্গল এবং বুধবার, সকাল ১১টা থেকে বিকেল ৩টে পর্যন্ত।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wbhealth.gov.in আবেদনের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি স্বপ্রত্যয়িত ফটো সেঁটে দেবেন।

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ পূরণ করা আবেদনপত্র ১৪ জানুয়ারির মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, Dr. B.K. Basu Memorial Research & Training Institute of Acupuncture, 188/87, Prince Anwar Shah Road, Kolkata-700 045.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৪১৭-৯২৮১। ই-মেল: bkbmacu@yahoo.com

### দিল্লি বিশ্ববিদ্যালয়ে এম বি এ কোর্স

মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এম বি এ) কোর্সে ভর্তি নিচ্ছে দিল্লি বিশ্ববিদ্যালয়ের কমার্স ও ইকনমিক্স বিভাগ। স্পেশ্যালাইজেশন করা যাবে হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট এবং ইন্টারন্যাশনাল বিজনেসে।

**আসনসংখ্যা:** প্রতি বিষয়ে ৭৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। তফসিলিদের ক্ষেত্রে পাশ নম্বর পেলেই আবেদন করা যাবে। এর পাশাপাশি ২০১৮-র ক্যাট (কমন অ্যাডমিশন টেস্ট) পরীক্ষায় বৈধ স্কোর করে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য।

**কোর্স ফি:** বছর প্রতি ১৫,৬৯৬ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতা, ক্যাট পরীক্ষায় প্রাপ্ত স্কোর, গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.du.ac.in আবেদনের শেষ তারিখ ৫ জানুয়ারি। ফি বাবদ দিতে হবে ২,০০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,০০০ টাকা)।

অনলাইন আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### অ্যাকাউন্টিং, জি এস টি, ট্যাক্সেশনের প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** ই-অ্যাকাউন্টিং এবং সেইসঙ্গে জি এস টি-সহ ট্যাক্সেশনের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (ই ডি আই)। নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ উদ্যোগে পরিচালিত হবে কোর্সটি। পড়ানো হবে দূরশিক্ষা ব্যবস্থায়। রবিবারগুলিতে ই ডি আইয়ে ক্লাস হবে। ৬ মাসের কোর্স। গ্র্যাজুয়েট এবং স্নাতকস্তরে পাঠরতরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে।

ই ডি আইয়ের তরফে জানানো হয়েছে, ট্যালি ব্যবহার করে ই-অ্যাকাউন্টিংয়ের পদ্ধতি, ইনকাম ট্যাক্স ও জি এস টি, টি ডি এস ও প্রফেশনাল ট্যাক্স নির্ধারণের নিয়মকানুন শেখানো হবে এই কোর্সে। প্রতিষ্ঠানের ডিরেক্টর এম এন মাইতি জানান, ভবিষ্যতে যাঁরা অ্যাকাউন্টিংয়ের পেশায় যেতে চান, তাঁরা তো বটেই, যাঁরা অ্যাকাউন্টিংয়ের পেশায় রয়েছেন তাঁরাও অ্যাকাউন্টিংয়ের আধুনিক প্রকরণ-পদ্ধতি শিখতে পারবেন এই কোর্সে।

মোট ফি ৫,৪০০ টাকা। কোর্স মেটেরিয়াল সরবরাহ করা হবে প্রতিষ্ঠান থেকেই।

আগ্রহীরা ভর্তির জন্য এখনই যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, আই বি-১৯৪, সেক্টর-থ্রি, সল্টলেক, কলকাতা-৭০০ ১০৬। ফোন: ২৩৩৫-৭২৫৮, ২৩৩৫-৭৬৮১। ওয়েবসাইট: www.edikolkata.com

### ডব্লু বি সি এস পরীক্ষার প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** ডব্লু বি সি এস পরীক্ষার প্রশিক্ষণ দেবে রামকৃষ্ণ মিশনের মা সারদা স্বনির্ভর কেন্দ্র। ১৫ মাসের প্রশিক্ষণ। আসনসংখ্যা ৩০টি। ডব্লু বি সি এস পরীক্ষায় বসতে ইচ্ছুক গ্র্যাজুয়েট তরুণ-তরুণীরা প্রশিক্ষণ নেওয়ার জন্য নাম নথিভুক্ত করতে পারেন এখনই। লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই হবে।

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, বিশেষজ্ঞদের দ্বারা প্রস্তুত স্টাডি মেটেরিয়াল সরবরাহ করা হবে প্রতিষ্ঠান থেকে। নিয়মিত গ্রুপ ডিসকাশন এবং সাপ্তাহিক ও মাসিক মক টেস্টের ব্যবস্থা থাকবে। ক্লাস নেবেন বিশেষজ্ঞ শিক্ষকরা। পাওয়া যাবে লাইব্রেরির সুবিধাও।

বায়োডেটা, আধার কার্ড, ভোটার পরিচয়পত্র, বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, ব্যাঙ্কের পাসবই এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেটের প্রতিলিপি-সহ আবেদন করতে হবে। ১৫ জানুয়ারির মধ্যে আবেদনপত্র পৌঁছতে হবে প্রতিষ্ঠানের এই ঠিকানায়: মা সারদা স্বনির্ভর কেন্দ্র, ২০, প্রাণকৃষ্ণ মুখার্জি রোড (চিৎপুর ব্রিজের ডানদিকে), কলকাতা-৭০০ ০০২। ফোন: ২৫৩৩-০০৮৪, ৯০৭৩৮-২৬৮৪৭। ওয়েবসাইট: www.rkmswanirvar.org

## স্কলারশিপের খোঁজখবর

### মেধাবী ন্যাশনাল স্কলারশিপ স্কিম ২০১৮

প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে ১,৪০৫ জন মাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে মেধাবী ন্যাশনাল স্কলারশিপ স্কিম। পরীক্ষার নাম: স্বাবলম্বন-২ স্কলারশিপ এক্সামিনেশন। স্কলারশিপের পরিমাণ: ৫০০ টাকা থেকে সর্বাধিক ৫,০০০ টাকা।

**আবেদনের যোগ্যতা:** মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৬ থেকে ৪০ বছরের মধ্যে।

অনলাইন পরীক্ষা ৩ ফেব্রুয়ারি। পরীক্ষায় প্রশ্ন হবে রিজনিং, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, জেনারেল নলেজ এবং ইংলিশ বিষয়ে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/MNS2 আবেদনের শেষ তারিখ ৩১ ডিসেম্বর। ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা)।

### মাধবী চ্যাটার্জী মেমোরিয়াল ফেলোশিপ ২০১৮-১৯

ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীত (ভোকাল বা ইনস্ট্রুমেন্টাল) বা নৃত্যে পারদর্শী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে সংস্কৃতি ফাউন্ডেশন। স্কলারশিপের পরিমাণ: ১,০০,০০০ টাকা। স্কলারশিপ দেওয়া হবে ১০ মাসের জন্য।

**আবেদনের যোগ্যতা:** ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীত বা নৃত্যে বেশ কিছু বছরের ট্রেনিং নিয়ে থাকতে হবে। এর পাশাপাশি, কমপক্ষে দু'তিনটি একক অনুষ্ঠান করে থাকতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/MCM13 আবেদনের শেষ তারিখ ৩১ ডিসেম্বর।

*(তথ্য সহায়তা: buddy4study)*

### দ্য জে এন টাটা এনডাওমেন্ট লোন স্কলারশিপ

২০১৯-২০ শিক্ষাবর্ষে বিদেশের কোনও বিশ্ববিদ্যালয়ে ঋণ নিয়ে পোস্ট-গ্র্যাজুয়েশন বা পি এইচ ডি বা পোস্ট-ডক্টরাল করতে ইচ্ছুক স্নাতক ছাত্রছাত্রীদের এককালীন স্কলারশিপ দিচ্ছে টাটা গ্রুপ। স্কলারশিপের পরিমাণ ১ লাখ থেকে সর্বাধিক ১০ লাখ টাকা।

**আবেদনের যোগ্যতা:** যে-কোনও বিষয়ে স্নাতক। শেষ দেওয়া পরীক্ষায় প্রার্থীকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি জি আর ই বা জি-ম্যাট বা টোয়েফেল বা আই ই এল টি এস পরীক্ষায় ভাল স্কোর করে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরা আবেদনের যোগ্য। শিক্ষাক্ষেত্রে ধারাবাহিকভাবে ভাল ফল করে থাকলে, সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ বা কাজের অভিজ্ঞতা থাকলে এবং ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে কর্মরতরাও আবেদন করতে পারেন।

আবেদনের সময় বিদেশের বিশ্ববিদ্যালয়ে ভর্তি না হয়ে থাকলে বা অফার লেটার না পেয়ে থাকলেও আবেদন করা যাবে।

প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ১৪ এপ্রিল।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jntataendowment.org আবেদনের শেষ তারিখ ১১ মার্চ। আবেদনপত্র সম্পূর্ণভাবে সাবমিট করার শেষ তারিখ ১৮ মার্চ।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## এ ক ন জ রে

### পূর্ব বর্ধমানে স্টাফ নার্স

৯ জন স্টাফ নার্স নেবে পূর্ব বর্ধমান জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। চুক্তিতে নিয়োগ হবে বর্ধমান, কালনা এবং কাটোয়া পুরসভার অন্তর্গত আর্বান প্রাইমারি হেলথ সেন্টারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 889/DH&FWS/I/A-6.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in দরখাস্তের শেষ তারিখ ৩১ ডিসেম্বর।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### মালদায় স্বাস্থ্যকর্মী

মেডিক্যাল অফিসার, ল্যাব টেকনিশিয়ান, টেকনিক্যাল সুপারভাইজার, ব্লক অ্যাকাউন্টস ম্যানেজার, ডিস্ট্রিক্ট ফিনান্স অ্যান্ড লজিস্টিক্স অফিসার-সহ বিভিন্ন পদে ১৪ জনকে নেবে মালদা জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। নিয়োগ হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DH&FWS/2403.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। ফি বাবদ ডিমান্ড ড্রাফ্ট, প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৭ জানুয়ারির মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.wbhealth.gov.in

### কাঁচরাপাড়া পুরসভায় চাকরি

ক্লার্ক, পাম্প অপারেটর, স্যানিটারি অ্যাসিস্ট্যান্ট, টাইপিস্ট-সহ বিবিধ পদে ১৬ জনকে নেবে কাঁচরাপাড়া মিউনিসিপ্যালিটি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: KPM/EMP/4546.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.kanchraparamunicipality.org.in

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৮ জানুয়ারির মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### রাজ্যের কো-অপারেটিভ সংস্থায় চাকরি

অ্যাকাউন্ট্যান্ট, ম্যানেজার, অ্যাকাউন্টস অফিসার-সহ বিভিন্ন পদে ১৯ জনকে নেবে রাজ্য সরকার। নিয়োগ হবে রাজ্যের বিভিন্ন কো-অপারেটিভ ব্যাঙ্ক ও সোসাইটিতে। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 03/2018.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.webcsc.org দরখাস্তের শেষ তারিখ ১৮ জানুয়ারি। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### কলকাতা মেট্রো রেলে খেলোয়াড়

৬ জন খেলোয়াড় নেবে কলকাতা মেট্রোরেল। নিয়োগ করা হবে গ্রুপ সি ক্যাটেগরিতে, এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: বাস্কেট বল, জিমন্যাস্টিক্স এবং ক্রিকেট। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: E 322/26/Sports (Open Advt.)/2018-19.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১৫ জানুয়ারির মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.mtp.indianrailways.gov.in

### সায়েন্স সিটিতে চাকরি

জুনিয়র স্টেনোগ্রাফার, এগজিবিশন অ্যাসিস্ট্যান্ট এ এবং টেকনিশিয়ান এ (ফিটার) পদে ৩ জনকে নেবে সায়েন্স সিটি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 03/2018.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১০ জানুয়ারির মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.sciencecitykolkata.org.in

### পশ্চিম মেদিনীপুরে ডাক্তার

১৬ জন জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার নেবে পশ্চিম মেদিনীপুর জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। চুক্তিতে নিয়োগ হবে প্রাইমারি হেলথ সেন্টারে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CMOH-Pas-Mid/NHM/2018/6187.

ইন্টারভিউ ১১ জানুয়ারি, সকাল সাড়ে ১০টা থেকে। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: জেলা স্বাস্থ্য ভবন, শরৎপল্লী, মেদিনীপুর টাউন, পশ্চিম মেদিনীপুর।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.wbhealth.gov.in

### টাটা কনসালটেন্সি সার্ভিসেসে চাকরি

সারা দেশ জুড়ে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, কম্পিউটার অ্যাপ্লিকেশন, আর্টস, কমার্স-সহ বিভিন্ন শাখার স্নাতক প্রার্থী নেবে টাটা কনসালটেন্সি সার্ভিসেস (টি সি এস)। প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন অ্যাপ্টিটিউড টেস্টের মাধ্যমে। পরীক্ষা ৬ জানুয়ারি। প্রার্থীকে অবশ্যই ২০১৯-এ গ্র্যাজুয়েশন সম্পূর্ণ করতে হবে।

নিয়োগ করা হবে এই সব শাখা থেকে: কমার্স, আর্টস, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেশন টেকনোলজি, কম্পিউটার অ্যাপ্লিকেশন, ম্যানেজমেন্ট স্টাডিজ, বিজনেস ম্যানেজমেন্ট, কম্পিউটার সায়েন্স, অ্যাকাউন্টিং অ্যান্ড ফিনান্স, ফিনান্স অ্যান্ড ম্যানেজমেন্ট এবং ব্যাঙ্কিং অ্যান্ড ইনশিওরেন্স।

অনলাইন অ্যাপ্টিটিউড টেস্টে প্রশ্ন হবে ভার্বাল এবিলিটি, রিডিং কম্প্রিহেনশন, লজিক্যাল রিজনিং, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং ডেটা ইন্টারপ্রিটেশন বিষয়ে। সময়সীমা ৫০ মিনিট।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://bit.ly/TCSCareers2019 রেজিস্ট্রেশনের শেষ তারিখ ২৬ ডিসেম্বর। দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (২ এম বি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

বিস্তারিত তথ্যের জন্য দেখতে পারেন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০২২) ৬৭৭৮-৪০৭০। ই-মেল: CBOCampus.support@tcs.com

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

# জীবিকাজিজ্ঞাসা

## ইউ পি এস সি

□ *পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস এক্সামিনেশন'-এর জন্য প্রস্তুতি নিচ্ছি। এই পরীক্ষার প্রার্থী বাছাই বিষয়ে বিস্তারিত জানতে চাই। বিজ্ঞপ্তি কবে প্রকাশিত হবে? —নির্মলেন্দু চন্দ, দক্ষিণ দিনাজপুর।*

□□ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস এক্সামিনেশন'-এর ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হয়ে থাকে দুই পর্যায়ের (প্রিলিমিনারি ও মেন) লিখিত পরীক্ষা এবং পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষায় প্রশ্ন হয়ে থাকে মাল্টিপল চয়েস অবজেক্টিভ ধরনের এবং মেন পরীক্ষায় প্রশ্ন হয়ে থাকে ডেসক্রিপ্টিভ টাইপ। প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ হলে তবেই মেন পরীক্ষার জন্য ডাক পাওয়া যাবে। মেন পরীক্ষায় পাশ করলে পার্সোন্যালিটি টেস্টের জন্য বিবেচিত হবেন। বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'য় তা বিস্তারিত জানানো হবে। আগ্রহীরা নজর রাখুন এই ওয়েবসাইটে: www.pscwbonline.gov.in

## নার্সিং

□ *বোকারো স্টিল প্লান্টে ট্রেনি নার্স পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? নির্দিষ্ট কোনও দৈহিক মাপজোকের প্রয়োজন আছে কি? দরখাস্ত পাঠানোর শেষ তারিখ কবে? —নাম ও ঠিকানা প্রকাশে অনিচ্ছুক।*

□□ বোকারো স্টিল প্লান্টে ট্রেনি নার্স পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ৩ বছর মেয়াদের ডিপ্লোমা অথবা নার্সিংয়ে বি এসসি। নার্সিং কাউন্সিল অব ইন্ডিয়া বা স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। এর পাশাপাশি কোনও হসপিটাল বা নার্সিংহোমে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এর পাশাপাশি উচ্চতা থাকতে হবে পুরুষদের ক্ষেত্রে অন্তত ১৫০ সেমি এবং মহিলাদের ক্ষেত্রে অন্তত ১৪৩ সেমি হতে হবে। ওজন পুরুষদের ক্ষেত্রে অন্তত ৪০ কেজি এবং মহিলাদের ক্ষেত্রে অন্তত ৩৫ কেজি হতে হবে। ২৬ ডিসেম্বরের মধ্যে দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in

## উচ্চশিক্ষা

□ *'পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন-২০১৯'-এ ইঞ্জিনিয়ারিং শাখায় পরীক্ষায় বসার ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —পল্লবী ঘোষ, শিলিগুড়ি।*

□□ 'পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন-২০১৯'-এ ইঞ্জিনিয়ারিং শাখার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, ম্যাথমেটিক্স এবং কেমিস্ট্রি বা বায়োলজি বা বায়োটেকনোলজি বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশন বা টেকনিক্যাল ভোকেশনাল বিষয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়-সহ উচ্চমাধ্যমিক পাশ। তিনটি বিষয়ে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। ওয়েবসাইট: www.wbjeeb.in

## কোর্স, ট্রেনিং

□ *মুম্বইয়ের ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর পপুলেশন সায়েন্সেসে বায়ো-স্ট্যাটিস্টিক্স অ্যান্ড ডেমোগ্রাফিতে এম এসসি কোর্স করতে চাই। বিস্তারিত জানাবেন। —রাজশ্রী বিশ্বাস, কৃষ্ণনগর, নদিয়া।*

□□ বায়ো-স্ট্যাটিস্টিক্স অ্যান্ড ডেমোগ্রাফির স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে মুম্বইয়ের ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর পপুলেশন সায়েন্সেস। কোর্স চলাকালীন ফেলোশিপ পাওয়া যাবে। কোর্স শুরু হবে জুলাইয়ে। আসনসংখ্যা ৫০। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ বায়ো-স্ট্যাটিস্টিক্স বা হেলথ স্ট্যাটিস্টিক্স বা ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্সে বি এ বা বি এসসি অথবা যে-কোনও বিষয়ে বি এ বা বি এসসি, সেক্ষেত্রে স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্স পড়ে থাকতে হবে। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ফেলোশিপ: নির্দিষ্ট মাসিক ৫,০০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। মাস্টার অব পপুলেশন স্টাডিজের ক্ষেত্রে প্রবেশিকা পরীক্ষা ছাড়াও থাকবে পার্সোন্যাল ইন্টারভিউ। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল নলেজ, লজিক্যাল রিজনিং, ইংলিশ, ম্যাথমেটিক্স, পপুলেশন, হেলথ এবং সোশ্যাল সায়েন্স ইস্যু বিষয়ে। বায়ো-স্ট্যাটিস্টিক্স অ্যান্ড ডেমোগ্রাফির ক্ষেত্রে উপরোক্ত বিষয়গুলি ছাড়াও প্রশ্ন হবে হেলথ অ্যান্ড স্ট্যাটিস্টিক্স বিষয়ে। ৪ জানুয়ারির মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iipsindia.org ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্রের প্রিন্ট আউট ১১ জানুয়ারির মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Assistant Registrar (Academic), International Institute for Population Sciences, Govandi Station Road, Deonar, Mumbai-400 088.

## অন্যান্য চাকরি

□ *নিউ ইন্ডিয়া অ্যাশিওরেন্সে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে দরখাস্ত করেছি। প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানাবেন। —অশোক বণিক, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ নিউ ইন্ডিয়া অ্যাশিওরেন্সে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষা হবে দু'পর্যায়ে— ফেজ ওয়ান ও ফেজ টু। ফেজ-ওয়ানের পরীক্ষা ৩০ জানুয়ারি। পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), রিজনিং এবিলিটি (৩৫ নম্বর) এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩৫ নম্বর)। বিষয় প্রতি সময়সীমা ২০ মিনিট। এই পরীক্ষায় পাশ করলে মেন পরীক্ষার জন্য বিবেচিত হবেন। মেন পরীক্ষা হবে দু'পর্যায়ে। প্রথম পর্যায়ে প্রশ্ন হবে এইসব বিষয়ে: ইংলিশ ল্যাঙ্গুয়েজ, রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড। দ্বিতীয় পর্যায়ে ইংরেজিতে ডেসক্রিপটিভ ধরনের (৩০ নম্বর) প্রশ্ন হবে লেটার রাইটিং এবং এসে রাইটিং বিষয়ে। ফেজ-টু পরীক্ষা ২ মার্চ। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.newindia.co.in

□ *ভারতীয় নৌবাহিনীতে 'সিনিয়র সেকেন্ডারি রিক্রুট' এন্ট্রিতে সেলর নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —প্রতুল কর্মকার, বলাগড়, হুগলি।*

□□ ভারতীয় নৌবাহিনীতে 'সিনিয়র সেকেন্ডারি রিক্রুট' এন্ট্রিতে সেলর নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: অঙ্ক ও ফিজিক্স-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। অপশনাল বিষয় হিসেবে কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স নিয়ে পড়ে থাকতে হবে। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৫৭ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯। চশমা-সহ উভয় চোখে ৬/৬। প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে। দেখতে পারেন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

□ *ভারতীয় বিমানবাহিনীতে এয়ারম্যান পদে দরখাস্ত করতে চাই। আমি উচ্চমাধ্যমিক পাশ। ৫০ শতাংশ নম্বর আছে। আমি কি গ্রুপ 'এক্স' ও 'ওয়াই', দু'টি গ্রুপের জন্যই আবেদন করতে পারি? —শেখর মণ্ডল, হাওড়া।*

□□ ভারতীয় বিমানবাহিনীতে এয়ারম্যান পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: গ্রুপ 'এক্স'-এর ক্ষেত্রে অঙ্ক ও ফিজিক্স-সহ উচ্চমাধ্যমিক। ইংরেজিতে ৫০ শতাংশ নম্বর-সহ পরীক্ষায় মোট অন্তত ৫০ শতাংশ পেয়ে থাকতে হবে। অথবা নির্দিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখার যে-কোনওটিতে সরকার অনুমোদিত পলিটেকনিক প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা। সেক্ষেত্রে মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। ইঞ্জিনিয়ারিং শাখার তালিকা পাবেন এই ওয়েবসাইটে: www.airmenselection.cdac.in গ্রুপ 'ওয়াই'-এর ক্ষেত্রে: যে-কোনও শাখায় ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। তবে মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি পড়ে থাকতে হবে। মনে রাখবেন, গ্রুপ 'এক্স'-এর মতো শিক্ষাগত যোগ্যতা থাকলে দু'টি গ্রুপের জন্যই আবেদন করা যাবে। পরীক্ষা হবে একইসঙ্গে। ইংরেজি, রিজনিং ও জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে পাশ করলে গ্রুপ 'ওয়াই' এবং ইংরেজি, অঙ্ক ও ফিজিক্স বিভাগে পাশ করলে 'এক্স' গ্রুপের জন্য নির্বাচিত হওয়া যাবে। উভয় বিভাগেই পাশ করলে দুই গ্রুপের জন্যই মনোনীত হওয়া যাবে। সেক্ষেত্রে প্রার্থীর মেধা, প্রবণতা ইত্যাদির ভিত্তিতে গ্রুপ নির্ধারিত হবে। ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমাধারীরা শুধু গ্রুপ 'এক্স'-এর জন্য আবেদন করতে পারবেন। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.airmenselection.cdac.in

□ *ভারতীয় নৌবাহিনীতে আর্টিফিশার অ্যাপ্রেন্টিস ব্যাচে নাবিক পদে আবেদন করেছি। প্রার্থী বাছাই হবে কোন প্রক্রিয়ায়? —বিবেক সাঁপুই, কাঁথি, পূর্ব মেদিনীপুর।*

□□ ভারতীয় নৌবাহিনীতে আর্টিফিশার অ্যাপ্রেন্টিস ব্যাচে নাবিক পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও প্রিলিমিনারি মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এইসব বিষয়ে: ম্যাথমেটিক্স, জেনারেল নলেজ, ইংলিশ এবং সায়েন্স। ইংরেজি ও হিন্দি ভাষায় প্রশ্ন করা হবে। নেগেটিভ মার্কিং আছে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠ-বস) এবং ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। দেখতে পারেন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

□ *গেইলে হিউম্যান রিসোর্স শাখায় সিনিয়র অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —কৌস্তভ দত্তরায়, বাঁকুড়া।*

□□ গেইলে হিউম্যান রিসোর্স শাখায় সিনিয়র অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে ৬৫ শতাংশ নম্বর ও পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন -সহ এম বি এ বা এম এস ডব্লু অথবা পার্সোনেল ম্যানেজমেন্ট বা পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনসে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা। আইনের স্নাতকরা অগ্রাধিকার পাবেন। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অয়েল অ্যান্ড গ্যাস বা পেট্রোকেমিক্যাল ইন্ডাস্ট্রিতে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। ওয়েবসাইট: www.gailonline.com

□ *ভারতীয় নৌবাহিনীতে ম্যাট্রিক রিক্রুটস এন্ট্রিতে স্টুয়ার্ড পদে দরখাস্ত করেছি। প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? —শুভজিৎ চক্রবর্তী, সিঙ্গি, পূর্ব বর্ধমান।*

□□ ভারতীয় নৌবাহিনীতে ম্যাট্রিক রিক্রুটস এন্ট্রিতে স্টুয়ার্ড পদের ক্ষেত্রে প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে মাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। তালিকাভুক্ত প্রার্থীদের মধ্য থেকে বাছাই হবে কম্পিউটার-বেসড পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। পরীক্ষায় থাকবে জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স ও সায়েন্স বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন। সময়সীমা ৩০ মিনিট। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট-আপ (ওঠ-বস), ১০টি পুশ-আপ। সবশেষে ডাক্তারি পরীক্ষা। দেখতে পারেন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

..............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:
চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯
ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in
পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## স্কুল সার্ভিস কমিশনের প্রধানের বারবার বদল গোটা নিয়োগ প্রক্রিয়াকে শ্লথ করছে

পশ্চিমবঙ্গের শিক্ষকপদের প্রার্থীদের ভবিষ্যৎ নিয়ে টালবাহানা আর কতদিন ধরে চলবে? কবে হবে নিয়োগ? আদৌ হবে কি? এই দমবন্ধ করা, অসহ্য পরিস্থিতি থেকে কবে মুক্তি পাব? দীর্ঘদিন ধরেই রাজ্যের সরকারি স্কুলগুলিতে সহ-শিক্ষক নিয়োগ স্থগিত। দীর্ঘ অপেক্ষার পর কাউন্সেলিং শুরু হলেও গত সেপ্টেম্বর মাসে উত্তর দিনাজপুরের একটি হাইস্কুলে গোলমালের জেরে গোটা শিক্ষক নিয়োগ প্রক্রিয়াটাই ফের শ্লথ হয়ে পড়ে। তার উপর, এই পরিস্থিতিতে স্কুল সার্ভিস কমিশনে বারবার চেয়ারম্যান বদলের ঘটনায় আমরা, শিক্ষকপদপ্রার্থীরা আবার সিঁদুরে মেঘ দেখছি। পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণির জন্য শিক্ষক নিয়োগের দায়িত্ব এস এস সি-র। কিন্তু ২০১৫ থেকে এ-পর্যন্ত শিক্ষক নিয়োগ প্রক্রিয়া শেষ করতে পারেনি কমিশন। নবম-দশম শ্রেণিতে প্রার্থীদের কাউন্সেলিং শেষ হলেও নিয়োগ হয়নি। অন্যদিকে, একাদশ-দ্বাদশ শ্রেণিতে নিয়োগ করতে গিয়ে বিচ্যুতি ধরা পড়ে। তারপর প্রক্রিয়া যে বন্ধ হল, আর শুরুই হল না। উচ্চপ্রাথমিকে শিক্ষক নিয়োগের কাউন্সেলিং আবার কবে শুরু হবে, সেই বিষয়ে কোনও উত্তরই নেই স্কুল সার্ভিস কমিশনের কাছে।

**পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণির জন্য শিক্ষক নিয়োগের দায়িত্ব এস এস সি-র। কিন্তু ২০১৫ থেকে এ-পর্যন্ত শিক্ষক নিয়োগ প্রক্রিয়া শেষ করতে পারেনি কমিশন। নবম-দশম শ্রেণিতে প্রার্থীদের কাউন্সেলিং শেষ হলেও নিয়োগ হয়নি। অন্যদিকে, একাদশ-দ্বাদশ শ্রেণিতে নিয়োগ করতে গিয়ে বিচ্যুতি ধরা পড়ে। তারপর প্রক্রিয়া সেই যে বন্ধ হল, আর শুরুই হল না।**

২০১৮-র মাঝামাঝি সময়ে সুবীরেশ ভট্টাচার্যকে সরিয়ে শর্মিলা মিত্রকে কমিশনের চেয়ারপার্সন করা হয়। তার কয়েক মাসের মধ্যে শুরু হয় নবম-দশম ও একাদশ-দ্বাদশে শিক্ষক নিয়োগের কাউন্সেলিং। একাদশ-দ্বাদশে কাউন্সেলিং শেষে নিয়োগ শুরু হয়। কিন্তু তার মধ্যেই উত্তরবঙ্গে হাইস্কুলে নিয়োগকে ঘিরে গোলমালে দুই যুবকের মৃত্যুতে থমকে যায় গোটা প্রক্রিয়া। একাদশ-দ্বাদশে শিক্ষক নিয়োগে কিছু ভুলও ধরা পড়ে। যদিও গোটা প্রক্রিয়ায় এস এস সি-র ভূমিকা নিয়ে কোনও প্রশ্ন ওঠেনি, তা সত্ত্বেও কমিশনের কাজ কেন থমকে গেল তারও কোনও সদুত্তর দিতে পারেনি কর্তৃপক্ষ। সদ্য আবার এস এস সি-র প্রধান পদ নিয়ে জল ঘোলা হতে শুরু করেছে। রাজ্য স্কুল সার্ভিস কমিশনের চেয়ারপার্সন পদে ফের বদল আসতে পারে বলে ইঙ্গিত দিয়েছেন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। বলতে এক প্রকার বাধ্যই হচ্ছি, ২০১৮ সালের শুরুর দিকে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া যে দ্রুততার সঙ্গে এগোচ্ছিল, আমরা মনে করছিলাম, চলতি বছরেই হয়তো উচ্চপ্রাথমিক থেকে দ্বাদশ স্তরে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ হবে। কিন্তু যে-ভাবে বারবার এস এস সি-প্রধানের পদ বদল হচ্ছে, তাতে আবার নিয়োগ নিয়ে সন্দেহ জাগছে।

প্রায় ছ'বছর রাজ্যে শিক্ষক নিয়োগ হয়নি। তার উপরে এস এস সি-র চেয়ারম্যানের মতো গুরুত্বপূর্ণ পদ নিয়ে যে-ভাবে 'মিউজিক্যাল চেয়ার' খেলা চলছে, সেটা অত্যন্ত দুর্ভাগ্যের। রাজ্যের শিক্ষমন্ত্রী এবং এস এস সি কর্তৃপক্ষের কাছে একান্ত অনুরোধ, দ্রুত ব্যবস্থা গ্রহণ করুন। এই দোলাচল সহ্যের সীমা অতিক্রম করছে।

নাম ও ঠিকানা প্রকাশে অনিচ্ছুক।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# দক্ষিণ রেলে ৪৫৫৫ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

*প্রথম পাতার পর*

৩২টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, দৈহিক প্রতিবন্ধী ১)। এক্স-আই টি আই: ২০২টি (সাধারণ ৯৬, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৫৫, দৈহিক প্রতিবন্ধী ৬)। **ওয়েল্ডার:** ফ্রেশার: ২৪টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, দৈহিক প্রতিবন্ধী ১)। এক্স-আই টি আই: ১০০টি (সাধারণ ৪৭, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৭, দৈহিক প্রতিবন্ধী ৩)। **পেইন্টার:** ফ্রেশার: ২৪টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, দৈহিক প্রতিবন্ধী ১)। এক্স-আই টি আই: ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **মেকানিক মোটর ভেহিক্যল:** এক্স-আই টি আই: ২৬টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, দৈহিক প্রতিবন্ধী ১)। কার্পেন্টার: এক্স-আই টি আই: ২৬টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, দৈহিক প্রতিবন্ধী ১)। প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট: এক্স-আই টি আই: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

**ইলেক্ট্রিক্যাল ওয়ার্কশপ পেরাম্বুর:** ইলেক্ট্রিশিয়ান: ফ্রেশার: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এক্স-আই টি আই: ৩০টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, দৈহিক প্রতিবন্ধী ১)। রেফ্রিজারেশন অ্যান্ড এসি মেকানিক: ফ্রেশার: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এক্স-আই টি আই: ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, দৈহিক প্রতিবন্ধী ১)। ওয়্যারম্যান: এক্স-আই টি আই: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। ওয়াইন্ডার (আর্মেচার): এক্স-আই টি আই: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। ইলেক্ট্রনিক্স মেকানিক: এক্স-আই টি আই: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)।

**লোকো ওয়ার্কস পেরাম্বুর:** ফিটার: এক্স-আই টি আই: ১৩৫টি (সাধারণ ৬৫, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৩৬, দৈহিক প্রতিবন্ধী ৪)। ওয়েল্ডার: এক্স-আই টি আই: ৪২টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, দৈহিক প্রতিবন্ধী ১)। প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট: এক্স-আই টি আই: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। পেইন্টার: এক্স-আই টি আই: ১৮টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, দৈহিক প্রতিবন্ধী ১)।

**ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ আরাক্কোনাম:** ফিটার: এক্স-আই টি আই: ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। ওয়েল্ডার: এক্স-আই টি আই: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। টার্নার: এক্স-আই টি আই: ২টি (সাধারণ ১, ও বি সি ১)। মেশিনিস্ট: এক্স-আই টি আই: ১টি (সাধারণ)।

**চেন্নাই ডিভিশন-ই এল এস/এ জে জে:** ফিটার: এক্স-আই টি আই: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। ইলেক্ট্রিশিয়ান: এক্স-আই টি আই: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): এক্স-আই টি আই: ১টি (সাধারণ)।

**চেন্নাই ডিভিশন-আর এস/এ ভি ডি:** ফিটার: এক্স-আই টি আই: ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ২)। ইলেক্ট্রিশিয়ান: এক্স-আই টি আই: ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

**চেন্নাই ডিভিশন-আর এস/টি বি এম:** ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) এক্স-আই টি আই: ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। ফিটার: এক্স-আই টি আই: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। ইলেক্ট্রিশিয়ান: এক্স-আই টি আই: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। কার্পেন্টার: এক্স-আই টি আই: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। পেইন্টার: এক্স-আই টি আই: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)।

**চেন্নাই ডিভিশন-ডি এস এল/টি এন পি:** ইলেক্ট্রিশিয়ান: এক্স-আই টি আই: ৩ টি (সাধারণ ২, ও বি সি ১)। ডিজেল মেকানিক: এক্স-আই টি আই: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

**চেন্নাই ডিভিশন সি অ্যান্ড ডব্লু/বি বি কিউ:** ফিটার: এক্স-আই টি আই: ২৫টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)।

**চেন্নাই ডিভিশন আর এস/আর পি এম:** ফিটার: এক্স-আই টি আই: ২টি (সাধারণ ১, ও বি সি ১)। ইলেক্ট্রিশিয়ান: এক্স-আই টি আই: ১৯টি (সাধারণ ১১, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। ওয়েল্ডার: এক্স-আই টি আই: ২টি (সাধারণ ১, ও বি সি ১)। ইলেক্ট্রিশিয়ান: এক্স-আই টি আই: ২টি (সাধারণ ১, ও বি সি ১)। টার্নার: এক্স-আই টি আই: ২টি (সাধারণ ১, ও বি সি ১)।

**রেলওয়ে হসপিটাল পেরাম্বুর:** মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান (রেডিওলজি): ফ্রেশার: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান (প্যাথলজি): ফ্রেশার: ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান (কার্ডিওলজি): ফ্রেশার: ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট: এক্স-আই টি আই: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)।

**সেন্ট্রাল ওয়ার্কশপ পোনমালাই:** ফিটার: ফ্রেশার: ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। এক্স-আই টি আই: ৭০টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯)। ওয়েল্ডার: ফ্রেশার: ২৪টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। এক্স-আই টি আই: ৪৬টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২)। মেশিনিস্ট: এক্স-আই টি আই: ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। ইলেক্ট্রিশিয়ান: এক্স-আই টি আই: ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। ডিজেল মেকানিক: এক্স-আই টি আই: ৬০টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৬)। মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: এক্স-আই টি আই: ১৮টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। মেকানিক মোটর ভেহিকল: এক্স-আই টি আই: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। ইলেক্ট্রনিক্স মেকানিক: এক্স-আই টি আই: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট: এক্স-আই টি আই: ১৭টি (সাধারণ ১০, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪)।

**তিরুচিরাপল্লি ডিভিশন:** এক্স-আই টি আই: ফিটার: ১১৭টি (সাধারণ ৫৮, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩২)। কার্পেন্টার: ৫টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। ওয়েল্ডার: ১৬টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩)। পেইন্টার: ৫টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। ডিজেল মেকানিক: ১২০টি (সাধারণ ৬১, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩২)। ইলেক্ট্রিশিয়ান: ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট: ৩৯টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। মেডিক্যাল ল্যাব টেকনিশিয়ান (রেডিওলজি): ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)। মেডিক্যাল ল্যাব টেকনিশিয়ান (প্যাথলজি): ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)।

**মাদুরাই ডিভিশন:** এক্স-আই টি আই: ফিটার: ১১৯টি (সাধারণ ৬০, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩২)। ওয়েল্ডার: ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। ইলেক্ট্রিশিয়ান: ৩০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং: ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)।

**সিগনাল অ্যান্ড টেলিকমিউনিকেশন ওয়ার্কশপ, পোড়ানুর:** ফ্রেশার: ফিটার: ২৭টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)।
**রেলওয়ে হসপিটাল, পালঘাট:** ফ্রেশার: মেডিকেল ল্যাবরেটরি টেকনিশিয়ান (রেডিওলজি): ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান (প্যাথোলজি): ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

**সিগনাল অ্যান্ড টেলিকমিউনিকেশন ওয়ার্কশপ, পোড়ানুর:** এক্স-আই টি আই: ফিটার: ২৩টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। টার্নার: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। মেশিনিস্ট: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। ওয়েল্ডার: ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। ইলেক্ট্রিশিয়ান: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। ইলেক্ট্রনিক্স মেকানিক: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)।

**ত্রিবান্দ্রম ডিভিশন:** **ইঞ্জিনিয়ারিং:** ড্রাফটসম্যান (সিভিল): ৫০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৩)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৯৪টি (সাধারণ ৪৮, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৫)। পেইন্টার: ৪১টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। প্লাম্বার: ৪১টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। **ইলেক্ট্রিক্যাল/জি এস:** ইলেক্ট্রিশিয়ান: ১৬৬টি (সাধারণ ৮৪, তফসিলি জাতি ২৫, তফসিলি উপজাতি ১২, ও বি সি ৪৫)। **ইলেক্ট্রিক্যাল/টি আর ডি:** ইলেক্ট্রিশিয়ান: ৫৬টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)। **মেকানিক্যাল:** ফিটার: ১১০টি (সাধারণ ৫৬, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৯)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৭৪টি (সাধারণ ৩৭, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২০)। কার্পেন্টার: ৫৫টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)। ইলেক্ট্রিশিয়ান: ৬৫টি (সাধারণ ৩৩, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৭)। **ডিজেল মেকানিক/ই আর এস:** ডিজেল মেকানিক: ৬৮টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৮)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ২২টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। ইলেক্ট্রিশিয়ান: ৪৬টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২)। ফিটার: ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **সিগনাল অ্যান্ড টেলিকমিউনিকেশন:** ইলেক্ট্রনিক্স মেকানিক: ৫৩টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)।

এক্স-আই টি আই: **পালঘাট ডিভিশন:** **মেকানিক্যাল:** ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৩৫টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯)। কার্পেন্টার: ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। ফিটার: ৪২টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। **ইঞ্জিনিয়ারিং:** ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৪৯টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৩)। ফিটার: ৩৯টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। প্লাম্বার: ৪২টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। **ইলেক্ট্রিক্যাল/জি এস:** ফিটার: ৩৯টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। ইলেক্ট্রিশিয়ান: ৩৮টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। রেফ্রিজারেশন অ্যান্ড এ সি মেকানিক: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ইলেক্ট্রিক্যাল/টি আর ডি:** ইলেক্ট্রিশিয়ান: ১১১টি (সাধারণ ৫৬, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৩০)। **মেমু শেড:** ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ১৭টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। প্লাম্বার: ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। কার্পেন্টার: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। ইলেক্ট্রিশিয়ান: ২৪টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। ফিটার: ২৪টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **সিগনাল অ্যান্ড টেলিকমিউনিকেশন:** ফিটার: ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। ইলেক্ট্রিশিয়ান: ২৪টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। ইলেক্ট্রনিক্স ইনফর্মেশন টেকনোলজি: ২৯টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। ইলেক্ট্রনিক্স মেকানিক: ২২টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। ইনস্ট্রুমেন্ট মেকানিক: ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)।

এক্স-আই টি আই: **সালেম ডিভিশন:** মেকানিক্যাল: ফিটার: ১৪৮টি (সাধারণ ৭৫, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৪০)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৮৫টি (সাধারণ ৪৩, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২৩)। পেইন্টার: ২৩টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। কার্পেন্টার: ৫৭টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)। মেশিনিস্ট: ২৭টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। ডিজেল মেকানিক: ৩৬টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। **ইলেক্ট্রিক্যাল:** ফিটার: ৯৮টি (সাধারণ ৫০, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৬)। ইলেক্ট্রিশিয়ান: ২০০টি (সাধারণ ১০১, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৫৪)। ইলেক্ট্রনিক্স মেকানিক: ৩৪টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৭০টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯)। টার্নার: ২৪টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। মেশিনিস্ট: ২৪টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। অ্যাডভান্স ওয়েল্ডার: ২৪টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। ওয়্যারম্যান: ৬৮টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৮)।

দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে গ্রাহ্য নয়) নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। শুধু ফ্রেশার ক্যাটেগরির মেডিকেল ল্যাবরেটরি টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক পাশ। এক্স-আই টি আইদের ক্ষেত্রে সেইসঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট থাকতে হবে। এক্স আই টি আই ক্যাটেগরির প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডে এন সি ভি টি স্বীকৃত ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট থাকতে হবে। উচ্চতর যোগ্যতা গ্রাহ্য করা হবে না।

**বয়স:** ১৪-১২-২০১৮ তারিখে এক্স-আই টি আই ক্যাটেগরি এবং মেডিকেল ল্যাবরেটরি টেকনিশিয়ারে ক্ষেত্রে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে এবং বাকি ট্রেডের ক্ষেত্রে ১৫ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcmas.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৩ জানুয়ারি (বিকেল ৫টা পর্যন্ত)। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের সাহায্যে ফি দিতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রেলে ১৪০৩৩ ইঞ্জিনিয়ার ও সায়েন্স গ্র্যাজুয়েট

*প্রথম পাতার পর*

যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে নিম্নোক্ত আর আর বি-গুলির কোনও একটির ওয়েবসাইটের মাধ্যমে। উল্লেখ্য, এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীদের আগাম অবগতির জন্য এই নিয়োগের খবর জানানো হল। অনলাইন দরখাস্ত করা যাবে ২ জানুয়ারি থেকে। ৩১ জানুয়ারি পর্যন্ত অনলাইন রেজিস্ট্রেশন করার সুযোগ পাওয়া যাবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (মহিলা প্রার্থী, তফসিলি, প্রাক্তন সমরকর্মী, দৈহিক প্রতিবন্ধী, সংখ্যালঘু প্রার্থী, অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া প্রার্থী এবং রূপান্তরকামী প্রার্থীদের ক্ষেত্রে ফি ২৫০ টাকা)। প্রথম পর্বের পরীক্ষায় বসলে সাধারণ এবং ও বি সি ক্যাটেগরির প্রার্থীরা ফিয়ের ৪০০ টাকা ফেরত পাবেন। মহিলা প্রার্থী, তফসিলি, প্রাক্তন সমরকর্মী, দৈহিক প্রতিবন্ধী, সংখ্যালঘু প্রার্থী, অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া প্রার্থী এবং রূপান্তরকামী প্রার্থীরা প্রথম পর্বের পরীক্ষায় বসলে সমগ্র ফি অর্থাৎ ২৫০ টাকাই ফেরত পাবেন। উভয় ক্ষেত্রেই ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে রেল ফিয়ের টাকা ফেরত দেবে। ফি দেওয়া যাবে অনলাইনে, ক্রেডিট বা ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এস বি আই চালান বা পোস্ট অফিস চালানের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে। অনলাইনে অর্থাৎ নেট ব্যাঙ্কিং বা ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ডের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে ৫ ফেব্রুয়ারি পর্যন্ত। ব্যাঙ্ক বা পোস্ট অফিস চালানের মাধ্যমে ফি জমা দিতে হবে ৪ ফেব্রুয়ারির মধ্যে। ফি-সংক্রান্ত তথ্য অনলাইন দরখাস্তে আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত সাবমিট করার শেষ দিন ৭ ফেব্রুয়ারি।

বিশদ তথ্য পাবেন নিচের আর আর বি-গুলির ওয়েবসাইটে: কলকাতা আর আর বি: www.rrbkolkata.gov.in, শিলিগুড়ি আর আর বি: www.rrbsiliguri.org, মালদা আর আর বি: www.rrbmalda.gov.in, আমেদাবাদ আর আর বি: www.rrbahmedabad.gov.in, আজমের আর আর বি: www.rrbajmer.gov.in, এলাহাবাদ আর আর বি: www.rrbald.gov.in, ব্যাঙ্গালোর আর আর বি: www.rrbbnc.gov.in, ভোপাল আর আর বি: www.rrbbpl.gov.in, ভুবনেশ্বর আর আর বি: www.rrbbbs.gov.in, বিলাসপুর আর আর বি: www.rrbbilaspur.gov.in, চণ্ডিগড় আর আর বি: www.rrbcdg.gov.in, চেন্নাই আর আর বি: www.rrbchennai.gov.in, গোরখপুর আর আর বি: www.rrbgkp.gov.in, গুয়াহাটি আর আর বি: www.rrbguwahati.gov.in, জম্মু-শ্রীনগর আর আর বি: www.rrbjammu.nic.in, মুম্বই আর আর বি: www.rrbmumbai.gov.in, মুজফফরপুর আর আর বি: www.rrbmuzaffarpur.gov.in, পাটনা আর আর বি: www.rrbpatna.gov.in, রাঁচি আর আর বি: www.rrbranchi.gov.in, সেকেন্দ্রাবাদ আর আর বি: www.rrbsecunderabad.nic.in, তিরুঅনন্তপুরম আর আর বি: www.rrbthiruvananthapuram.gov.in

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

১২ ডিসেম্বর-১৮ ডিসেম্বর

**১২ ডিসেম্বর** পশ্চিমবঙ্গে পেট্রল-ডিজেলের বিক্রয়করে আগামী বছরের ৩০ জুন পর্যন্ত এক টাকা করে ছাড় দেওয়ার সুবিধা বহাল রাখল রাজ্য। ১১ সেপ্টেম্বর এই ছাড়ের কথা বলা হয়েছিল তিন মাসের জন্য। ১১ ডিসেম্বর সেই ছাড়ের সময়সীমা শেষ হওয়ায় এ দিন জ্বালানি দু'টির দাম বাড়ে এক টাকা করে। তাই এ দিনই ছাড়ের মেয়াদ বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে রাজ্য।

## ভারত সফরে এলেন মালদ্বীপের রাষ্ট্রপতি



১৭ ডিসেম্বর: মালদ্বীপের প্রেসিডেন্ট হিসেবে শপথ নেওয়ার পর প্রথম বিদেশ সফর হিসেবে ভারতকেই বেছে নিয়ে নয়াদিল্লি এলেন ইব্রাহিম সোলি। এ দিন তাঁর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকের পর মালদ্বীপকে ১৪০ কোটি ডলার অর্থ সাহায্য দেওয়ার কথা ঘোষণা করেছেন মোদী। এ ছাড়াও সে দেশকে আরও নানা ভাবে সাহায্য করার প্রতিশ্রুতিও দিয়েছে ভারত। দ্বিপাক্ষিক বৈঠকের পর চিনের নাম না করে মোদী বলেন, 'আমরা আমাদের দেশে এমন কোনও কার্যকলাপ হতে দেব না, যা পরস্পরের পক্ষে ক্ষতিকর।' সোলিও বলেছেন, 'ভারত শুধু আমাদের ঘনিষ্ঠতম বন্ধু নয়, সবচেয়ে বড় বাণিজ্যিক অংশীদারও।' বাংলাদেশের প্রধানমন্ত্রী বা ভুটানের রাজার মতোই উষ্ণতা এবং সম্মান জানাতে সোলিকেও রাষ্ট্রপতি ভবনেই রাখা হয়েছে।

**যৌন হেনস্থায় অভিযুক্ত প্রাক্তন সম্পাদক** তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী এম জে আকবরকে সাসপেন্ড করল এডিটর্স গিল্ড। গিল্ড সিদ্ধান্ত নিয়েছে, আকবরের মামলা শেষ না-হওয়া পর্যন্ত তাঁর সাসপেনশন বলবৎ থাকবে। ধর্ষণে অভিযুক্ত প্রাক্তন সম্পাদক তরুণ তেজপালকেও সাসপেন্ড করেছে গিল্ড। একই দিনে যৌন হেনস্থায় অভিযুক্ত পরিচালক সাজিদ খানকে এক বছরের জন্য সাসপেন্ড করেছে ইন্ডিয়ান ফিল্ম অ্যান্ড টেলিভিশন ডিরেক্টর্স অ্যাসোসিয়েশন।

**বিধানসভার ডেপুটি স্পিকার হায়দর** আজিজ সফি (৭৩) প্রয়াত হলেন। প্রাক্তন আইপিএস অফিসার সফি পুলিশের চাকরি থেকে অবসরের পর তৃণমূলে যোগ দেন। ২০১১ সালে উলুবেড়িয়া পূর্ব বিধানসভা কেন্দ্র থেকে জিতে তৃণমূলের বিধায়ক হন। প্রথমে সমবায় এবং পরে কারামন্ত্রী হন তিনি। তৃণমূল দ্বিতীয় বার ক্ষমতায় আসার পর সফি বিধানসভার ডেপুটি স্পিকার নির্বাচিত হন।

**১৩ ডিসেম্বর** মেহুল চোক্সীর বিরুদ্ধে ইন্টারপোল এ বার সিবিআইয়ের অনুরোধে রেড কর্নার নোটিস জারি করল। ১৩ হাজার কোটি টাকার ব্যাঙ্ক প্রতারণায় অভিযুক্ত মেহুলের বিরুদ্ধে মুম্বইয়ের আদালতে চার্জশিট জমা দিয়েছে সিবিআই ও ইডি। সিবিআই জানিয়েছে, রেড কর্নার নোটিস জারি করার ফলে এখন ১৯২টি দেশে 'পলাতক' হিসেবে দেখা হবে চোক্সীকে। অ্যান্টিগার পাসপোর্ট নিয়ে বিনা ভিসায় ৩২টি দেশে সফর করতে পারবেন না তিনি। উল্লেখ্য, ইন্টারপোলে চিঠি লিখে চোক্সী জানিয়েছিলেন, রাজনৈতিক কারণে ভারত তাঁকে হেনস্থা করতে চাইছে। সে জন্যই প্রাথমিক ভাবে চোক্সীর বিরুদ্ধে রেড কর্নার নোটিস জারি করতে পারছিল না ইন্টারপোল। কিন্তু তার আগে একই অভিযোগে নীরব মোদীর বিরুদ্ধেও রেড কর্নার নোটিস জারি হয়েছে এই যুক্তিতে চাপ বাড়ায় ভারত।

**গর্ভপাত আইন পাশ হয়ে গেল ক্যাথলিক** প্রধান দেশ আয়ারল্যান্ডের পার্লামেন্টে। অর্থাৎ সে দেশে এখন গর্ভপাত আইনি স্বীকৃতি পেতে অপেক্ষা শুধু প্রেসিডেন্ট মাইকেল ডি হিগিনস-এর অনুমোদনের। চলতি বছরেই মে মাসে আয়ারল্যান্ডে গর্ভপাত সংক্রান্ত আইনের বিরুদ্ধে সরব হয়েছিলেন সে দেশের মানুষ। আয়োজিত হয়েছিল গণভোটের। যাতে এই আইন বাতিলের সপক্ষে ৬৬.৪ শতাংশ ভোট পড়েছিল।



“ভারতকে 'পুলিশ রাষ্ট্র' বানিয়েও মোদীজি আপনার সমস্যা মিটবে না। আপনি এক ভীত একনায়ক।”

রাহুল গান্ধী, *কংগ্রেস সভাপতি*

'দেশদ্রোহী' সন্দেহে প্রশাসন যে-কোনও ল্যাপটপ, কম্পিউটারে আড়ি পাততে পারবে এই বিজ্ঞপ্তি জারি হওয়ার পর

## গুয়াংঝৌয়ে চ্যাম্পিয়ন সিন্ধু



১৬ ডিসেম্বর: চিনের গুয়াংঝৌয়ে ব্যাডমিন্টনের ওয়ার্ল্ড টুর ফাইনালসে সোনা জিতলেন পি ভি সিন্ধু। হারালেন জাপানের নজোমি ওকুহারাকে ২১-১৯, ২১-১৭ ফলে। এর আগে বিভিন্ন প্রতিযোগিতার ফাইনালে পৌঁছেও সাত বার হেরে যাওয়ার নজির রয়েছে ভারতের সেরা ব্যাডমিন্টন তারকা সিন্ধুর। যার মধ্যে রয়েছে অলিম্পিক্স, এশিয়ান গেমস ও কমনওয়েলথ গেমসের মতো খেলার মঞ্চও।

**১৪ ডিসেম্বর** খলিস্তানপন্থী সংগঠন বব্বর খালসা ইন্টারন্যাশনাল (বিকেআই) এবং ইন্টারন্যাশনাল শিখ ইয়ুথ ফেডারেশন (আইএসওয়াইএফ)-কে সন্ত্রাসবাদী সংগঠনের তকমা দিল কানাডা। সে দেশের নিরাপত্তা বিষয়ক মন্ত্রী এক রিপোর্টে উল্লেখ করেন, খলিস্তানিরা দেশের নিরাপত্তার ক্ষেত্রে বিপজ্জনক। এর পরেই এই পদক্ষেপ করে সরকার।

## জ্ঞানপীঠে সম্মানিত অমিতাভ ঘোষ



১৪ ডিসেম্বর: ২০১৮ সালের জ্ঞানপীঠ পুরস্কারে সম্মানিত হলেন অমিতাভ ঘোষ। ভারতীয় ইংরেজি সাহিত্যে এই প্রথম জ্ঞানপীঠ। অমিতাভ অবশ্য তাঁর লেখাকে 'ভারতীয় ইংরেজি' এই তকমা দেওয়ায় বিশ্বাসী নন। এ দিন টুইট করে বলেন, 'যে লেখকদের শ্রদ্ধা করি, তাঁদের অনেকের সঙ্গে একাসনে বসতে পেরে আনন্দিত।' তাঁর লেখা উপন্যাসগুলির মধ্যে রয়েছে, 'হাংরি টাইড', 'গ্লাস প্যালেস', 'সি অব পপিজ', 'রিভার অব ফায়ার' ইত্যাদি। এর আগে বাঙালি সাহিত্যিকদের মধ্যে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, বিষ্ণু দে, আশাপূর্ণা দেবী, সুভাষ মুখোপাধ্যায়, মহাশ্বেতা দেবী ও শঙ্খ ঘোষ জ্ঞানপীঠ পুরস্কারে সম্মানিত হয়েছেন।

**১৫ ডিসেম্বর** কাশ্মীরে নিরাপত্তা বাহিনীর গুলিতে নিহত হলেন পুলওয়ামার সাত স্থানীয় বাসিন্দা। পুলিশ জানিয়েছে, পুলওয়ামার সিরিন গ্রামে জঙ্গিদের উপস্থিতির কথা জানতে পেরে অভিযানে নামে নিরাপত্তাবাহিনী। সংঘর্ষে নিহত হয় দুই জঙ্গি ও এক সেনা। কিন্তু সেনা অভিযান শেষ হয়ে যাওয়ার পর বাহিনীকে লক্ষ্য করে পাথর ছুড়তে শুরু করে এক দল বিক্ষোভকারী। পুলিশের দাবি, প্রথমে সতর্ক করার জন্য শূন্যে গুলি ছোড়া হয়। কিন্তু তাতেও পরিস্থিতি সামলাতে না পেরে গুলি চালায় পুলিশ। যদিও স্থানীয় সংবাদ সূত্র জানিয়েছে এই সাতজন অসামরিক ব্যক্তি, যাদের মধ্যে দু'জন নাবালকও আছে, এঁরা ঘটনাস্থল থেকে দূরে ছিলেন। এবং সেনাবাহিনী অভিযান সেরে ফেরার পথে এলোপাথাড়ি গুলি চালিয়ে সাতজন নিরীহ মানুষকে হত্যা করেছে।

**মিজোরামের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ** নিলেন জোরামথাঙ্গা। এ দিন আইজলের রাজভবনে মিজো ভাষায় তৃতীয়বারের জন্য মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিলেন তিনি। বাকি মন্ত্রীরাও শপথ নিয়েছেন মিজোতেই। শপথ নিয়েই জোরামথাঙ্গা রাজ্যের ক্রীড়াদপ্তরের ভার তুলে দিলেন আইজল এফসি-র মালিক রয়তের হাতে। এই প্রথমবার, রাজ্যপাল কে রাজাশেখরণ শপথবাক্য পাঠ করানোর আগে গির্জার তরফে প্রার্থনার আয়োজন করা হয়। মিজো বিধানসভায় নির্বাচিত ৪০ জন বিধায়কের মধ্যে ২০ জনই নতুন মুখ। পুরনোদের ৬ জনকে পূর্ণমন্ত্রী হিসেবে বেছে নেওয়ার পাশাপাশি ৬ জন নতুন মুখকে প্রতিমন্ত্রী করেছেন জোরামথাঙ্গা।

**১৬ ডিসেম্বর** বিশ্বকাপ হকিতে এই প্রথম চ্যাম্পিয়ন হল বেলজিয়াম। ভুবনেশ্বরে আয়োজিত ফাইনালে নেদারল্যান্ডসকে সাডেন ডেথে ৩-২ গোলে হারায় তারা। এতদিন পর্যন্ত অলিম্পিক্সে রুপোজয়ী বেলজিয়ামের বিশ্বকাপে সেরা পারফরম্যান্স ছিল একবার মাত্র পঞ্চম হওয়া। অন্যদিকে, তৃতীয়-চতুর্থ স্থান নির্ধারণের ম্যাচে ইংল্যান্ডকে ৮-১ গোলে হারিয়ে ব্রোঞ্জ জিতেছে অস্ট্রেলিয়া।

## শ্রীলঙ্কায় ক্ষমতায় ফিরলেন বিক্রমসিংঘে



১৬ ডিসেম্বর: শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী পদে ফের উঠে এলেন ইউনাইটেড ন্যাশনাল পার্টি (ইউএনপি)-র প্রধান ৬৯ বছর বয়সি রনিল বিক্রমসিংঘে। তাঁকে শপথবাক্য পাঠ করিয়ে তাঁর হাতে নিয়োগপত্র তুলে দিলেন প্রেসিডেন্ট মৈত্রীপালা সিরিসেনা। শ্রীলঙ্কার রাজনৈতিক অচলাবস্থার মধ্যে কয়েক সপ্তাহ আগেও সিরিসেনা এক জনসভায় বলেন, তাঁর জমানায় রনিলকে আর কিছুতেই প্রধানমন্ত্রীর আসনে বসতে দেবেন না। তবে শপথ নেওয়ার পরে রনিল সব তিক্ততা সরিয়ে রেখে বলেছেন, 'এটা আমার বা দলের জয় নয়। এই জয় শ্রীলঙ্কার গণতন্ত্রের। দেশের সার্বভৌমত্বের জয়। গণতন্ত্রকে রক্ষা করতে, সংবিধানকে মান্যতা দিতে যাঁরা পাশে ছিলেন তাঁদের সকলকে ধন্যবাদ।' উল্লেখ্য, ২৬ অক্টোবর রনিলকে সরিয়ে রাজাপক্ষেকে প্রধানমন্ত্রী করেছিলেন প্রেসিডেন্ট সিরিসেনা। কিন্তু পার্লামেন্টে সংখ্যাগরিষ্ঠের সমর্থন সঙ্গে নিয়ে রাজাপক্ষেকে চ্যালেঞ্জ জানান রনিল। পার্লামেন্ট ভেঙে দিয়ে ভোটের দিন ঘোষণা করিয়ে দেন সিরিসেনা। কিন্তু সময়ের আগে পার্লামেন্ট ভেঙে দেওয়ার এই সিদ্ধান্তকে অসাংবিধানিক বলে সুপ্রিম কোর্ট। এ ছাড়া নিম্ন আদালত রাজাপক্ষেকে ক্ষমতা ছাড়ার যে নির্দেশ দিয়েছিল তাকেও সমর্থন জানায় শীর্ষ আদালত।

**১৭ ডিসেম্বর** লোকসভায় পাশ হল দু'বছর আগে পেশ করা 'রূপান্তরকামী (সুরক্ষা ও অধিকার) বিল'। বিলটি নিয়ে একাধিক বিতর্ক ও বিরোধিতা হয়েছে। বিল সংক্রান্ত আলোচনায় অংশ নিয়ে তৃণমূল ও সিপিএম অভিযোগ জানিয়েছে, যাঁদের সুরক্ষার জন্য বিলটি আনা হয়েছে, সেই রূপান্তরকামী কাদের বলা হবে সেটাই স্পষ্ট নয় বিলে। তবে সরকার পক্ষ থেকে বলা হয়েছে রূপান্তরকামীদের স্বীকৃতি দেওয়ার পাশাপাশি সরকারের লক্ষ্য একটি জাতীয় রূপান্তরকামী পরিষদ গঠন।

**বিশিষ্ট শাস্ত্রীয় সঙ্গীতশিল্পী অরুণ ভাদুড়ী** (৭৫) প্রয়াত হলেন। কিরানা ও রামপুর ঘরানার এই শিল্পী দীর্ঘদিন রাজ্য সঙ্গীত আকাদেমিতে শিক্ষকতা করেছেন। ২০১৪ সালে রাজ্য সরকারের 'বঙ্গবিভূষণ' সম্মান পান তিনি।

**১৮ ডিসেম্বর** কংগ্রেসের সঙ্গে চার দশকের সম্পর্কে ইতি টানলেন সজ্জন কুমার। শিখ-বিরোধী দাঙ্গায় দিল্লি হাইকোর্ট যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ দেওয়ার পরদিনই কংগ্রেস সভাপতিকে সজ্জন চিঠি লিখে জানালেন, 'আদালতের এই রায়কে সামনে রেখে জাতীয় কংগ্রেসের প্রাথমিক সদস্যপদ থেকে ইস্তফা দিলাম।' সংবাদ সংস্থার খবর অনুযায়ী, সজ্জন চাননি তাঁর জন্য দলকে কোনওরকম অস্বস্তির মুখে পড়তে হোক।

**পারথে দ্বিতীয় টেস্টে ভারতকে ১৪৬** রানে হারিয়ে সিরিজে সমতা ফেরাল অস্ট্রেলিয়া। প্রথমে ব্যাট করতে নেমে অস্ট্রেলিয়ার ৩২৬ রানের জবাবে ভারত ২৮৩ রান তোলে। দ্বিতীয় ইনিংসে অস্ট্রেলিয়া ২৪৩ রান করে ভারতের সামনে জয়ের জন্য ২৮৬ রানের লক্ষ্য রাখে। কিন্তু অস্ট্রেলিয়ার ফাস্ট বোলিংয়ের সামনে ভারতের দ্বিতীয় ইনিংসে মাত্র ১৪০ রানে শেষ হয়ে যায়।

## রাফাল নিয়ে সন্দেহ নেই, রায় শীর্ষ আদালতের



১৪ ডিসেম্বর: সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির বেঞ্চ জানিয়ে দিল, ফ্রান্সের দাসো অ্যাভিয়েশনের থেকে মোদী সরকারের রাফাল যুদ্ধবিমান কেনার পদ্ধতি নিয়ে সন্দেহের অবকাশ নেই। কোনও সংস্থাকে রাফালের বরাত পাইয়ে দেওয়া হয়েছে, এমন কোনও প্রত্যক্ষ প্রমাণও নেই বলে জানিয়েছে শীর্ষ আদালত। তবে বিরোধীরা অভিযোগ করেছে, রায়ের একাধিক অনুচ্ছেদে নিজেদের সীমাবদ্ধতার কথা মেনে নিয়েছে আদালত। কংগ্রেস সভাপতি রাহুল গান্ধী বলেছেন, 'গোটা ভারত বোঝে চৌকিদার চোর। প্রমাণ করে ছাড়ব, ভারতের প্রধানমন্ত্রী অনিল অম্বানীর বন্ধু। আর তাঁকে দিয়ে চুরি করিয়েছেন নরেন্দ্র মোদী।' এ দিন সুপ্রিম কোর্টের বেঞ্চে প্রধান বিচারপতি রঞ্জন গগৈয়ের সঙ্গে ছিলেন বিচারপতি এস কে কউল এবং বিচারপতি কে এম জোসেফ।

## যাবজ্জীবন হল কংগ্রেস নেতা সজ্জন কুমারের



১৭ ডিসেম্বর: ১৯৮৪ সালের শিখ-বিরোধী দাঙ্গার মামলায় কংগ্রেস নেতা সজ্জন কুমারকে যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দিল দিল্লি হাইকোর্ট। এই প্রথম ওই দাঙ্গার মামলায় কোনও উল্লেখযোগ্য কংগ্রেস নেতার শাস্তি হল। এই শাস্তি দানের সঙ্গে সঙ্গে 'গণহত্যা' ও 'মানবতার বিরুদ্ধে অপরাধ' - এর মোকাবিলা করার জন্য নতুন আইন তৈরির প্রয়োজনীয়তার কথাও বলেছে আদালত। উল্লেখ্য, ১৯৮৪ সালের ৩১ অক্টোবর ইন্দিরা গান্ধীকে খুন করে তাঁর শিখ দেহরক্ষীরা। তারপরেই দেশ জুড়ে শিখ সম্প্রদায়ের উপর হামলা শুরু হয়। অভিযোগ ওঠে সজ্জন কুমার, জগদীশ টাইটলার-সহ একাধিক কংগ্রেস নেতা এই হামলায় নেতৃত্ব দিয়েছিলেন। আদালত ৩১ ডিসেম্বরের মধ্যে সজ্জন কুমারকে আত্মসমর্পণ করতে নির্দেশ দিয়েছে।

(a) 6.928 cm (b) 5.196 cm (c) 8.66 cm (d) 7.264 cm

84. একটি শঙ্কুর উচ্চতা (h) -এর ভূমির ব্যাসার্ধের (r) দ্বিগুণ। শঙ্কুটির আয়তন কত?
(a) $\frac{1}{3}\pi r^3$ (b) $2\frac{1}{3}\pi r^2h$ (c) $13\pi r^2h$ (d) $\frac{2}{3}\pi r^3$

85. দু'টি বৃত্তের ক্ষেত্রফলের অনুপাত 9 : 25 হলে, তাদের পরিধির অনুপাত কত?
(a) 9 : 5 (b) 3 : 25 (c) 3 : 5 (d) 9 : 25

86. চার বছরের মোট সুদ আসলের $\frac{8}{25}$ অংশ হলে বার্ষিক সুদের হার কত?
(a) 6% (b) $7\frac{1}{2}$% (c) 7% (d) 8%

87. কোনও আসল বার্ষিক 12% সরল সুদে কত বছরে 4 গুণ হবে?
(a) 24 (b) 25 (c) 30 (d) 36

88. 8% সরল সুদে 5 বছর জমা রেখে কত টাকা সুদে আসলে 840 টাকা হবে?
(a) 620 টাকা (b) 540 টাকা (c) 450 টাকা (d) 600 টাকা

89. বিক্রয়মূল্যের ওপর 20% ক্ষতি হলে ক্রয়মূল্যের ওপর কত শতাংশ লাভ/ক্ষতি হবে?
(a) $16\frac{2}{3}$% ক্ষতি (b) $16\frac{2}{3}$% লাভ (c) 25% লাভ (d) 25% ক্ষতি

90. $16\frac{2}{3}$% লাভে ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত কত?
(a) 6 : 7 (b) 5 : 9 (c) 3 : 5 (d) 4 : 7

91. ক্রয়মূল্যের ওপর 10% ক্ষতি হলে, বিক্রয়মূল্যের ওপর কত শতাংশ ক্ষতি?
(a) 10% (b) $9\frac{1}{11}$% (c) $11\frac{1}{9}$% (d) $12\frac{1}{2}$%

92. দু'টি ক্রমিক কমিশন 10% এবং 5% এর তুল্য কমিশন কত?
(a) 15% (b) $7\frac{1}{2}$% (c) 14% (d) $14\frac{1}{2}$%

93. কোন সংখ্যা মৌলিক নয় আবার যৌগিকও নয়?
(a) 3 (b) 2 (c) 1 (d) b এবং c

94. দু'টি সংখ্যার গুণফল 1575 এবং ভাগফল 7 হলে সংখ্যাদু'টি কী কী?
(a) 205 এবং 15 (b) 15 এবং 105 (c) 225 এবং 15 (d) 25 এবং 135

95. দু'টি সংখ্যার যোগফল ও বিয়োগফলের অনুপাত 9 : 5 হলে, সংখ্যাদু'টির অনুপাত কত?
(a) 9 : 5 (b) 7 : 2 (c) 5 : 9 (d) 81 : 25

96. মৌলিক সংখ্যা কোনটি?
(a) 2 (b) 1 (c) 3 (d) কোনওটিই নয়

97. 5 অঙ্কের কোন ক্ষুদ্রতম সংখ্যা 89 দ্বারা বিভাজ্য হবে?
(a) 10057 (b) 13884 (c) 10235 (d) 10089

98. 5 অঙ্কের কোন বৃহত্তম সংখ্যা 89 দ্বারা বিভাজ্য হবে?
(a) 97989 (b) 99858 (c) 99947 (d) 99989

99. দু'টি সংখ্যার যোগফল ও বিয়োগফল যথাক্রমে 38 এবং 4 হলে, সংখ্যাদু'টির গুণফল কত?
(a) 537 (b) 375 (c) 357 (d) 753

100. পরপর তিনটি সংখ্যার গুণফল সর্বদা কোন সংখ্যা দ্বারা বিভাজ্য হবে?
(a) 5 (b) 6 (c) 9 (d) 11

### উত্তর

1(a), 2(c), 3(c), 4(b), 5(a), 6(a), 7(a), 8(a), 9(b), 10(a), 11(a), 12(a), 13(a), 14(c), 15(b), 16(a), 17(c), 18(b), 19(a), 20(a), 21(a), 22(a), 23(a), 24(b), 25(b), 26(d), 27(d), 28(b), 29(a), 30(b), 31(c), 32(c), 33(b), 34(a), 35(b), 36(c), 37(d), 38(b), 39(b), 40(a), 41(d), 42(b), 43(a), 44(d), 45(c), 46(a), 47(a), 48(c), 49(b), 50(b), 51(c), 52(a), 53(d), 54(b), 55(a), 56(a), 57(b), 58(d), 59(a), 60(b), 61(c), 62(d), 63(a), 64(d), 65(a), 66(a), 67(d), 68(d), 69(a), 70(a), 71(b), 72(d), 73(a), 74(b), 75(c), 76(d), 77(d), 78(d), 79(b), 80(b), 81(a), 82(b), 83(a), 84(d), 85(c), 86(d), 87(b), 88(d), 89(a), 90(a), 91(c), 92(d), 93(c), 94(b), 95(b), 96(a), 97(a), 98(c), 99(c), 100(b).

### সমাধান

51(c): সংখ্যাটি x ধরা হলে $x^2+\frac{x}{4}=147$
বা, $x^2+\frac{x}{4}=\left(12^2+\frac{12}{4}\right)$ ∴ x = 12.

52(a): 12 × 4 ÷ 3 এর 8 ÷ 2 − 1 = 12 × 4 ÷ 24 ÷ 2 − 1
$=12\times\frac{4}{24}\times\frac{1}{2}-1=1-1=0.$

53(d): 15 × 45 + 15 × 35 + 15 × 15 + 15 × 5
= 15(45 + 35 + 15 + 5) = 15 × 100 = 1500.

54(b): 0.4, 0.04, $(0.4)^2=0.16$, $\sqrt{0.4}=0.63$.

55(a): সংখ্যা + সংখ্যার $\frac{1}{4}=60$
বা, $\left(1+\frac{1}{4}\right)$ সংখ্যা = 60, বা, $\frac{5}{4}$ সংখ্যা = 60
∴ সংখ্যা $=60\times\frac{4}{5}=48.$

56(a): সূত্রানুসারে নির্ণেয় গড় $=\frac{3\times1+3\times5}{2}=\frac{3+15}{2}=9.$

57(b): বৃহত্তম সংখ্যা = 998 + (5 − 1) = 1002.

58(d): ছোট সংখ্যা = গ.সা.গু. × ছোট আনুপাতিক পদ = 19 × 7 = 133.

59(a): $8^3+9^3-7^3=512+729-343=1241-343=898.$

60(b): $\sqrt{(2197)^{1/3}+(1728)^{1/3}}=\sqrt{13+12}=\sqrt{25}=5.$

61(c): লব ও হরের পার্থক্য প্রতিক্ষেত্রে সমান হওয়ায়, ক্ষুদ্রতম ভগ্নাংশ = ক্ষুদ্রতম লবযুক্ত ভগ্নাংশ $=\frac{2}{3}$.

62(d): $1+\frac{1}{5}+\frac{1}{5^2}+\frac{1}{5^3}=1+\frac{1}{5}+\frac{1}{25}+\frac{1}{125}$
= 1 + 0.2 + 0.04 + 0.008 = 1.248.

63(a): নির্ণেয় গড় = (48 + 1) = 49.

64(d): দু'টি সংখ্যার গুণফল = সংখ্যাদু'টির অনুপাতের পদগুলির গুণফল × $(\text{গ.সা.গু})^2=(3\times5)\times(12)^2=15\times144=2160.$

65(a): 3 : 9 = 12 : x বা, $x=\frac{12\times9}{3}=36.$

66(a): $A:D=\frac{A}{B}\times\frac{B}{C}\times\frac{C}{D}=\frac{2}{3}\times\frac{5}{4}\times\frac{7}{8}=35:48.$

67(d): $A:B:C=\frac{10}{3}:\frac{4}{1}:\frac{5}{1}=(10\times1):(4\times3):(5\times3)$
= 10 : 12 : 15.

68(d): A : B = 2 : 3 = (2 × 4) : (3 × 4) এবং B : C = 4 : 5
= (4 × 3) : (5 × 3)
C : D = 5 : 7 = (5 × 3) : (7 × 3) ∴ A : C : D = 8 : 15 : 21.

69(a): $\frac{P}{S}=\frac{P}{Q}\times\frac{Q}{R}\times\frac{R}{S}=\frac{2}{3}\times\frac{5}{8}\times\frac{9}{20}=\frac{3}{8}$
$\therefore S=P\times\frac{8}{3}=27\times\frac{8}{3}=72.$

70(a): $P=56\times\frac{3}{8}=21$

71(b): $350\times\frac{x}{100}=21$ বা, $x=\frac{21\times100}{350}=6.$

72(d): সংখ্যাটি x হলে, x-এর 25% + 150 এর 30% = 75
বা, $\frac{x}{4}=75-45$ ∴ x = 30 × 4 = 120.

73(a): P : Q = 150 : 100 = 3 : 2 এবং P : R = 125 : 100 = 5 : 4
∴ Q : R = (2 × 5) : (3 × 4) = 5 : 6.

74(b): সংখ্যাটির (70 − 21)% বা, 49% = 147
∴ নির্ণেয় সংখ্যা (100%) $=147\times\frac{100}{49}=300.$

75(c): দ্বিতীয় সংখ্যাটি 100 হলে, প্রথম সংখ্যাটি = 50
∴ দ্বিতীয়টি প্রথমটির থেকে (100 − 50) = 50 বড়
∴ দ্বিতীয় সংখ্যাটি, প্রথম সংখ্যাটির থেকে 100% বড়।

76(d): প্রথম : দ্বিতীয় চায়ের মিশ্রণ = (95.50 − 55.50) : (55.50 − 40.50) = 40 : 15 = 8 : 3

77(d): প্রতি লিটার মিশ্রণের ওজন $=\frac{(3\times1)+(2\times1.4)}{3+2}=\frac{5.8}{5}=1.16$ kg.

78(d): $\left(x-\frac{1}{x}\right)^2=\left(x+\frac{1}{x}\right)^2-4x.\frac{1}{x}=(2)^2-4=4-4=0.$

79(b): $xy(x+y)=1 \therefore x+y=\frac{1}{xy} \therefore (x+y)^3=\left(\frac{1}{xy}\right)^3$
বা, $x^3+y^3+3xy(x+y)=\frac{1}{x^3y^3}$
বা, $x^3+y^3+3.1=\frac{1}{x^3y^3}$ বা, $\frac{1}{x^3y^3}-x^3-y^3=3.$

80(b): $(x^2+kx+12)$ -এর একটি উৎপাদক (x + 3)
সুতরাং, x = − 3 এর জন্য রাশিমালার মান শূন্য হবে
$\therefore (-3)^2+k(-3)+12=0$ বা, $k=\frac{-21}{-3}=7.$

81(a): $a+\frac{1}{a}=6 \therefore a^2+\frac{1}{a^2}=\left(a+\frac{1}{a}\right)^2-2.a\frac{1}{a}-6^2-2=34$
$\therefore a^4+\frac{1}{a^4}=(a^2)^2+\left(\frac{1}{a^2}\right)^2=\left(a^2+\frac{1}{a^2}\right)^2-2a^2.\frac{1}{a^2}$
$=(34)^2-2=1156-2=1154.$

82(b): বহুভুজের বাহুসংখ্যা n ধরা হলে $\{2(n-2)\times90^\circ=1620^\circ$
বা, $(n-2)\times180^\circ=1620^\circ$, n − 2 = 9, বা, n = 9 + 2 = 11.

83(a): ঘনকের কর্ণের দৈর্ঘ্য $=4\sqrt{3}=4\times1.732=6.928$ সেমি।

84(d): h = 2r ∴ শঙ্কুর নির্ণেয় আয়তন $=\frac{1}{3}\pi.r^2\times(2r)=\frac{2}{3}\pi r^3.$

85(c): দু'টি বৃত্তের ক্ষেত্রফলের অনুপাত = 9 : 25
∴ দু'টি বৃত্তের পরিধির অনুপাত $=\sqrt{9}:\sqrt{25}=3:5.$

86(d): 100 টাকা আসল হলে সুদ $=100\times\frac{8}{25}=32$ টাকা
∴ বার্ষিক সুদের হার = 32 ÷ 4 = 8%.

87(b): আসল 100 টাকা হলে, সুদ + আসল = 400 টাকা
∴ সুদের পরিমাণ = (400 − 100) = 300 টাকা
∴ নির্ণেয় বছর = 300 ÷ 12 = 25 বছর।

88(d): আসলের {100 + (8 × 5)}%
বা, 140% = 840 টাকা ∴ আসল 100% = 600 টাকা।

89(a): ক্রয়মূল্যের ওপর ক্ষতি $=\left(\frac{20}{100}\times100\right)\%=\frac{50}{3}\%=16\frac{2}{3}\%.$

90(a): ক্রয়মূল্য 100 টাকা হলে বিক্রয়মূল্য $116\frac{2}{3}$ টাকা
∴ ক্রয়মূল্য : বিক্রয়মূল্য $=100:116\frac{2}{3}=6:7.$

91(c): বিক্রয়মূল্যের ওপর ক্ষতি $=\left(\frac{10}{100-10}\times100\right)\%=\left(\frac{10}{90}\times100\right)\%$
$=11\frac{1}{9}\%.$

92(d): নির্ণেয় তুল্য কমিশন $=(10+5)-\frac{10\times5}{100}=15-\frac{1}{2}=14\frac{1}{2}\%.$

93(c): 1 সংখ্যাটি মৌলিকও নয় আবার যৌগিকও নয়, কারণ এর উৎপাদকের সংখ্যা 1টি।

94(b): বড় সংখ্যা $=\sqrt{1575\times7}=\sqrt{225\times7\times7}=105$
ছোট সংখ্যা $=\sqrt{1575\div7}=\sqrt{225}=15.$

95(b): সংখ্যাদু'টির অনুপাত = (9 + 5) : (9 − 5) = 14 : 4 = 7 : 2.

96(a): একমাত্র জোড় মৌলিক সংখ্যা = 2.

97(a): 5 অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = 10000, একে 89 দিয়ে ভাগ করলে অবশিষ্ট থাকে 32
∴ 10000-এর সঙ্গে (89 − 32) = 57 যোগ করলে 89 দ্বারা বিভাজ্য হবে
অর্থাৎ সংখ্যাটি হবে (10000 + 57) = 10057.

98(c): 5 অঙ্কের বৃহত্তম সংখ্যা = 99999
একে 89 দিয়ে ভাগ করলে অবশিষ্ট থাকে 52
∴ নির্ণেয় সংখ্যা = (99999 − 52) = 99947.

99(c): সংখ্যাদু'টির নির্ণেয় গুণফল = (যোগফল + বিয়োগফল) (যোগফল − বিয়োগফল) ÷ 4 = (38 + 4) (38 − 4) ÷ 4 = (42 × 34) ÷ 4 = 357.

100(b): পরপর তিনটি সংখ্যার গুণফল (1 × 2 × 3) = 6 দ্বারা বিভাজ্য হবে।

*প্রস্তুত করেছেন: সৃষ্টিধর বেরা*

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

### রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

53(b): ধরি, তৃতীয় সংখ্যা = 100
∴ প্রথম সংখ্যা = (100 − 30) = 70
দ্বিতীয় সংখ্যা = 100 − 40 = 60
∴ দ্বিতীয় সংখ্যাটি প্রথম সংখ্যার $= \frac{60}{70} \times 100 = \frac{600}{7} = 85\frac{5}{7}\%$.

54(b): স্রোতের প্রতিকূলে নৌকার ঘণ্টায় গতিবেগ $= \frac{1 \times 60}{10} = 6$ কিলোমিটার
স্রোতের অনুকূলে নৌকার ঘণ্টায় গতিবেগ $= \frac{1 \times 60}{6} = 10$ কিলোমিটার
স্রোতের গতিবেগ $= \frac{\text{অনুকূলের গতিবেগ} - \text{প্রতিকূলের গতিবেগ}}{2} + \left(\frac{10-6}{2}\right)$
= 2 কিলোমিটার/ঘণ্টা।

55(c): সংকেত: বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য x% বৃদ্ধি পেলে ক্ষেত্রফল বৃদ্ধি পাবে $= \left(2x + \frac{x^2}{100}\right)\%$
∴ ক্ষেত্রফল বৃদ্ধি পাবে $= 2 \times 30 + \frac{30^2}{100} = 69\%$.

56(d): সংকেত: দূরত্ব $= \frac{\text{দু'টি গতির গুণফল}}{\text{দু'টি গতির পার্থক্য}} \times$ সময় পার্থক্য
∴ দূরত্ব $= \left(\frac{3 \times 4}{4-3}\right) \times \left(\frac{15+15}{60}\right) = 12 \times \frac{30}{60} = 6$ কিলোমিটার।

57(a): নির্ণেয় লাভের হার $= \left(\frac{12-10}{10} \times 100\right)\% = 20\%$.

58(c): ধরি, আসল = x, সুদ $= \frac{1}{9} \times x = \frac{x}{9}$
ধরি, সময় এবং সুদের হার = r, $= \frac{x}{9} = \frac{x \times r \times r}{100}$
$\therefore r^2 = \frac{100}{9}$ r, $= \frac{10}{3}\%$
অথবা
সময় বা সুদের হার $= \left(\sqrt{\text{সুদ আসলের যত অংশ} \times 100}\right)\%$
$= \left(\sqrt{\frac{1}{9} \times 100}\right)\% = \sqrt{\frac{100}{9}}\% = \frac{10}{3}\%$.

59(a): নিরেট গোলকের আয়তন $= \frac{4}{3}\pi \times 10^3 = \frac{4 \times \pi \times 10^3}{3}$
ধরি, প্রতিটি বলের ব্যাসার্ধ = r সেমি
$\therefore 8 \times \frac{4}{3} \times \pi \times r^3 = \frac{4 \times \pi \times 10^3}{3}$
or, $r^3 = \frac{4 \times \pi \times 10^3 \times 3}{3 \times 4 \times \pi \times 8}$, $r^3 = \frac{10^3}{8}$, $r = \frac{10}{2} = 5$ সেমি
অথবা
ব্যাসার্ধ $= \sqrt[3]{\frac{(\text{বড় গোলকের ব্যাসার্ধ})^3}{\text{গোলক সংখ্যা}}} = \sqrt[3]{\frac{10^3}{8}} = \frac{10}{2} = 5$

60(b): আয় $= \frac{810 \times 12 \times 15}{25 \times 4}$ টাকা = 162 × 3 × 3 = 1458 টাকা।

61(c): ধরি, সংখ্যাটি = x ∴ $\frac{x \times 80}{100} = \frac{200 \times 90}{100}$
or, $x = \frac{200 \times 90}{80} = 225$.

62(c): সংকেত: জোড় ও বিজোড় স্থানের অঙ্কসমষ্টির পার্থক্য শূন্য বা 11-এর গুণিতক হলে, সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য হবে
∴ (8 + 4) − (5 + 2 + *) = 0, * = 5.

63(b): ধরি, আসল = P ∴ $70 = \frac{P \times 7 \times 4}{100}$ or, $P = \frac{70 \times 100}{4 \times 7} = 250$ টাকা।

64(b): A, B মিলিতভাবে কাজটি করে $= \frac{12 \times 15}{(12+15)} = \frac{12 \times 15}{27} = \frac{20}{3}$
$= 6\frac{2}{3}$ দিনে।

65(d): ধরি, ভূমি ও উচ্চতা = 3x এবং 4x
$\therefore \frac{1}{2} \times 3x \times 4x = 1176$ or, $x^2 = \frac{1176 \times 2}{12}$, $x^2 = 196$
∴ x = 14 ∴ উচ্চতা = 4x = 4 × 14 = 56.

66(c): 20% লাভে বিক্রয়মূল্য $= 480 \times \frac{100}{80} \times \frac{120}{100} = 720$ টাকা।

67(a): প্রথমজন পাবে $= \frac{10}{5} \times 3 = 6$ টাকা।

68(b): মোট পোস্টের সংখ্যা = চার কোণায় চারটি + চারপাশে (14 − 2)টি করে = 4 + 4 × 12 = 52 টি।

69(b): এক্ষেত্রে সংখ্যাটি কমবে $= \frac{20^2}{100} = 4\%$.

## একনজরে বিজ্ঞানের প্রশ্নোত্তর

- ফটোগ্রাফির ফিল্ম একবারই ব্যবহার করা যায় কিন্তু ভি ডি ও টেপ পুনঃব্যবহারযোগ্য, কারণ— ফিল্মে ঘটে রাসায়নিক বিক্রিয়া কিন্তু ভি ডি ও টেপের রেকর্ডিং-ঘটে ভৌত পরিবর্তন।
- তিমি ও হাঙরের মধ্যে পার্থক্য— (ক) তিমি স্তন্যপায়ী কিন্তু হাঙর মাছ। (ক) তিমির দেহ অস্থিনির্মিত কিন্তু হাঙরের দেহ তরুণাস্থি নির্মিত৷
- সাবান ও গ্লিসারিন প্রস্তুতিতে উদ্ভিজ্জ তেলের সঙ্গে কস্টিক সোডা মিশিয়ে গরম করা হয়।
- ফ্যাদোমিটার দ্বারা জলের গভীরতা মাপা হয় যা শব্দের প্রতিফলনের ধর্ম মেনে কাজ করে।
- পটাশিয়াম পারম্যাংগানেট — একটি জারক দ্রব্য।
- ভিটামিন থেকে আমরা কোনও শক্তি পাই না, এটি একটি দেহ-রক্ষক খাদ্য।
- সতর্কীকরণ হিসেবে সাধারণত লাল আলো ব্যবহার করা হয় কারণ— এর তরঙ্গ দৈর্ঘ্য বেশি হওয়ার জন্য দূর থেকে দেখা যায়।
- পারমাণবিক বিকিরণ রোধ করার জন্য সীসার আবরণ দেওয়া হয় কারণ— সীসার ঘনত্ব বেশি।
- পারমাণবিক চুল্লিতে ক্যাডমিয়াম রড ব্যবহারের কারণ— ক্যাডমিয়াম মুক্ত নিউক্লিয়াস শোষণ করতে পারে।
- চিনির দ্রবণের রং পরিবর্তনে সক্রিয় কাঠকয়লা ব্যবহৃত হয় কারণ— এটি পাত্রের দূষিত উপাদানগুলিকে শোষণ করতে পারে।
- কিছু উদ্ভিদের ফুল কেবলমাত্র বসন্তকালে ফোটে, কারণ— দিনের আলো ফুল ফোটা নিয়ন্ত্রণ করতে পারে।
- মহাবিশ্বে নিরন্তর ঘটে চলা বিভিন্ন বিস্ফোরণের শব্দ শুনতে পাই না, কারণ— শব্দ তরঙ্গশূন্য মাধ্যমে চলাচল করতে পারে না।
- শব্দের গতিবেগ সবচেয়ে ধাতব মাধ্যমে বেশি কারণ— এর স্থিতিস্থাপকতা সবচেয়ে বেশি।
- ভ্যাকসিন আমাদের শরীরে অ্যান্টিবডি তৈরি করে।
- শব্দের গতিবেগ বাতাসের চাপের ওপর নির্ভর করে, কারণ— চাপ বাতাসের ঘনত্বের পরিবর্তন করতে পারে।
- অ্যালুমিনিয়াম নিষ্কাশন তড়িৎ আবশ্যক কারণ— অ্যালুমিনিয়াম শোধন তড়িৎবিশ্লেষণ পদ্ধতিতে করা হয়।
- ভেন্টিলেটর ছাদের কাছাকাছি রাখা হয় কারণ পরিচলন পদ্ধতি ওপরের দিকে বেশি ঘটে।
- অধিক উচ্চতায় সিদ্ধ করতে জলে লবণ মেশানো হয়, কারণ— এটি জলের স্ফুটনাঙ্ক বাড়িয়ে দেয়।
- মানুষের অ্যাপেনডিক্স নিষ্ক্রিয় অঙ্গ, কারণ— এর পরিপাকে কোনও ভূমিকা থাকে না।
- পরমাণু তড়িৎ-নিরপেক্ষ, কারণ— প্রোটন ও ইলেকট্রন সংখ্যা সমান থাকে।
- ধূমকেতুর লেজ সব সময় সূর্যের দিকে থাকে। ওই লেজটি প্রকৃতপক্ষে ধূলিকণা ও গ্যাসের তৈরি।
- হাইড্রোজেন গ্যাসকে চাপের সাহায্যে ঘরের তাপমাত্রায় তরলে পরিণত করা যাবে না, কারণ— এর সঙ্কট তাপমাত্রা খুবই কম।
- সেলুলোজ আমাদের যে সাহায্য করে— কোষ্ঠবদ্ধতা দূর করে।
- রামধনু গঠিত হওয়ার কারণ— সূর্যের আলো মৌলিক রঙ নয়। সাত রঙের সমষ্টি।
- মাছের আকৃতি মাকুর মতো হওয়ার কারণ— চলাচলের সময় জলের বাধা কম অনুভূত হয়।
- চাঁদকে উপগ্রহ যোগাযোগের জন্য ব্যবহার করা যায় না, কারণ— চাঁদ পৃথিবীর নিরক্ষরেখা বরাবর চলাচল করে না।
- লাল তন্তুযুক্ত চাল, আটাতে বেশি থাকে— ভিটামিন B1।
- বাস হঠাৎ চলতে শুরু করলে যাত্রীরা পিছনে হেলে পড়ে, কারণ— স্থিতিজাড্য।
- কার্বন মনোঅক্সাইড গ্যাস মৃত্যুর কারণ হতে পারে, কারণ—লোহিত রক্তকণিকার সঙ্গে যুক্ত হয়ে অপরিবর্তনীয় এমন অণু গঠন করে যা রক্তের অক্সিজেন বহনক্ষমতা কমিয়ে দেয়।

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

70(a): মালবাহী ট্রেনটির গতিবেগ $= \frac{80 \times 4}{6+4} = 32$ কিলোমিটার/ঘণ্টা।

71(b): ভালো চা : খারাপ চা = (55.50 − 40.50) : (95.50 − 55.50)
= 15 : 50 = 3 : 8.

72(c): ছাত্রী : ছাত্র = (16.4 − 15.8) : (15.8 − 15.4)
= 0.6 : 0.4 = 6 : 4 = 3 : 2.

73(b): (50 − 25)% = (30 + 20), 25% = 50 নম্বর।

74(d): মোট ক্রয়মূল্য = (10 × 80 + 90 × 15) = 2150 টাকা
∴ প্রতি কিলোগ্রাম চায়ের ক্রয়মূল্য $= \frac{2150}{25} = 86$ টাকা
∴ 10% লাভে প্রতি কিলোগ্রাম চায়ের বিক্রয়মূল্য $= 86 \times \frac{110}{100} = \frac{473}{5} = 94.60$ টাকা।

75(d): বিক্রয়মূল্য $= 1300 \times \frac{90}{100} \times \frac{92}{100} = \frac{13 \times 9 \times 92}{10} = 1{,}076.40$ টাকা।

76(d): বৃত্তের পরিধি = 2πr ∴ ব্যাসার্ধ = x
∴ বৃত্তের ক্ষেত্রফল = $\pi x^2$, বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $\pi x^2$
∴ বর্গক্ষেত্রের বাহু $= \sqrt{\pi x^2} = x\sqrt{\pi}$ ∴ বর্গক্ষেত্রের পরিধি $= 4x\sqrt{\pi}$.

77(a): AC = 24 হলে, AB = 12
$AD^2 = AE^2 + DE^2 \therefore 20^2 = 12^2 + DE^2$ [∵ বাহু = 20]
∴ DE = 16, BD = 32




∴ রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল
$= \frac{1}{2}(24 \times 32) = 384$ বর্গসেমি।

78(c): নির্ণেয় সময় $= \left(\frac{8 \times 16}{16-8}\right) = 16$ ঘণ্টা।

79(b): 12M + 16W = 6M + 26W
or, 6M = 10W, 3M = 5W
$\therefore \frac{W}{M} = \frac{3}{5}$, W : M = 3 : 5.

80(b): ধরি একটি ঘড়ির দাম = x টাকা
∴ 3x + 2(125 + x) = 1825
or, $x = \frac{1575}{5}$, ∴ x = 315 টাকা
∴ ক্যালকুলেটরের দাম = (315 + 125) = 440 টাকা।

81(d):

| লোকসংখ্যা | দিন |
|---|---|
| x | 60 |
| (x + 8) | 50 |

x × 60 = (x + 8) × 50 or, 10x = 400 or, x = 40 জন।

82(b): গড় বেগ $= \frac{2xy}{x+y}$
∴ গড় বেগ $= \frac{2 \times 24 \times 36}{24+36} = \frac{2 \times 24 \times 36}{60} = \frac{144}{5} = 28.8$ কিমি/ঘণ্টা।

83(d): $4320 = 2^3 \times 2^2 \times 3^3 \times 5$
∴ যে সংখ্যা দিয়ে গুণ করতে হবে তা হল $= 2 \times 5^2 = 50$.

84(b): ধরি, বালিকার সংখ্যা = x
∴ বালকের সংখ্যা = (100 − x)
∴ 2.4x + 3.6 (100 − x) = 312
or, − 1.2x = 312 − 360 or, − 1.2x = − 48 or, x = 40.

85(a): $3.\dot{8}\dot{7} - 2.\dot{5}\dot{9} = 3 + 0.\dot{8}\dot{7} - 2.\dot{5}\dot{9} = 1 + \frac{87}{99} - \frac{59}{99} = 1 + \frac{28}{99}$
$= 1.\dot{2}\dot{8}$.

86(d): x × 9 = 13.5 × 12 ∴ $x = \frac{13.5 \times 12}{9} = 18$ বালতি।

87(b): ট্রেনের গতিবেগ x হলে, আপেক্ষিক গতিবেগ = (x − 5)
$\therefore \frac{125}{(x-5) \times \frac{5}{18}} = 10$ or, 10x − 50 = 25 × 18 or, x = 50.

88(a): মূল গড় = A ∴ $\frac{A \times 10 \times 108}{11} = A + 6$
or, A = 108 − 66 = 42 ∴ নতুন গড় = 42 + 6 = 48
অথবা নতুন গড় = (108 − 10 × 6) = 48.

89(c): 2 বছর পরে গাছের উচ্চতা হবে $= 64\left(1 + \frac{1}{8}\right)^2 = 81$ সেমি।

90(c): ধরি সংখ্যা = x হলে, $\frac{3}{7}$ এর $\frac{2}{5}x = 198$
or, x = 33 × 35 = 1155.

91(d): ধরি আসল = x টাকা
$\therefore \frac{9x}{16} = \frac{x \times R \times R}{100}$ ∴ $R = \frac{30}{4} = 7\frac{1}{2}\%$
or, সুদের হার বা সময় $= \sqrt{\frac{I}{P} \times 100} = \sqrt{\frac{9}{16} \times 100} = \frac{15}{2} = 7\frac{1}{2}\%$.

92(d): 15% লাভে বিক্রয়মূল্য $= 18700 \times \frac{100}{100-15} \times \frac{100+15}{100}$
$= 18700 \times \frac{100}{85} \times \frac{115}{100} = 1100 \times 23 = 25300$ টাকা।

93(b): লাভের হার $= \left(\frac{18-15}{15} \times 100\right) = 20\%$.

94(c): A-র বাহুর দৈর্ঘ্য $= \sqrt{36} = 6$ মিটার
B-র বাহুর দৈর্ঘ্য = 6 × 2 = 12 মিটার
∴ B-র ক্ষেত্রফল = 12 × 12 = 144 বর্গমিটার।

95(d): বস্তুটির আসল দাম $= 200 \times \frac{\left(100 - 12\frac{1}{2}\right)}{100} \times \frac{100}{100+25}$
$= 200 \times \frac{175}{2 \times 100} \times \frac{100}{125} = 140$ টাকা।

96(c): একজোড়া জিনিসের বাজারমূল্য $= 37.40 \times \frac{100}{100-15}$
$= 37.40 \times \frac{100}{85} = 44$ টাকা ∴ প্রতিটির দাম = 44 ÷ 2 = 22 টাকা।

97(b): $\frac{45}{24 \times 60} = \frac{1}{32}$ অংশ।

98(d): ধরি, প্রথমটির বাহু = a ∴ $a\sqrt{2} = 4\sqrt{2}$ ∴ a = 4
∴ ক্ষেত্রফল $= 4^2 = 16$ ∴ দ্বিতীয়টির ক্ষেত্রফল = 16 × 2 = 32
∴ বাহুর দৈর্ঘ্য $= \sqrt{32} = 4\sqrt{2}$ ∴ কর্ণের দৈর্ঘ্য $= 4\sqrt{2} \times \sqrt{2} = 8$ সেমি।

99(b): ধরি, প্রথম সংখ্যাটি = x
∴ দ্বিতীয় সংখ্যাটি হল = 2x ∴ তৃতীয় সংখ্যা $= \frac{2x}{3}$
$\therefore \frac{x + 2x + \frac{2x}{3}}{3} = 44$ or, 11x = 44 × 9 or, x = 36
∴ বৃহত্তম সংখ্যা = 2x = 2 × 36 = 72.

100(d): ধরি, বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = a ∴ ক্ষেত্রফল = $a^2$
or, $a^2 = (a + 5)(a - 3)$ ∴ $a = \frac{15}{2}$
∴ আয়তক্ষেত্রের পরিসীমা $= 2(L + B) = 2\left(\frac{15}{2} + 5 + \frac{15}{2} - 3\right) = 34$ সেমি।

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ ও পলাশ কান্তি মণ্ডল*

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# উত্তর রেলে ১০৯২ ট্রেড অ্যাপ্রেন্টিস

প্রথম পাতার পর

মেইন্টেন্যান্স: ১৪টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, ও বি সি ৩)। ওয়েল্ডার: ৩৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১২, ও বি সি ১৫)। এর মধ্যে ২টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**লোকোমোটিভ ওয়ার্কশপ-সি বি/এল কে ও:** ফিটার: ৩৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১৬, ও বি সি ১৮)। এর মধ্যে ৪টি আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, ২টি আসন দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৪টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। মেশিনিস্ট: ২টি (তফসিলি জাতি)। এর মধ্যে ১টি আসন প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। ওয়েল্ডার গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, ও বি সি ৩)। ইলেক্ট্রিশিয়ান: ১৪টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৫, ও বি সি ৬)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**লোকোমোটিভ ওয়ার্কশপ (ইলেক্ট্রিক)-সি বি/এল কে ও:** ইলেক্ট্রিশিয়ান: ১১টি (সাধারণ ১, তফসিলি জাতি ৬, ও বি সি ৪)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনার: ৪৪টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ২২)। এর মধ্যে ১টি করে আসন শ্রবণসংক্রান্ত ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৩টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ওয়্যারম্যান: ১৬টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৪, ও বি সি ৬)। এর মধ্যে ১টি আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে।

**ক্লাস্টার দিল্লি (ডি এল আই): ব্রিজ ওয়ার্কশপ, টি কে জে, এন ডি এল এস:** ফিটার: ২টি (তফসিলি জাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। ওয়েল্ডার: ৯টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। পেইন্টার জেনারেল: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ২)। কার্পেন্টার: ২টি (ও বি সি)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৬টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

**টি এম সি ডিপো/টি কে ডি:** মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স: ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। ফিটার: ১টি (সাধারণ)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১টি (সাধারণ)।

**প্রিন্টিং প্রেস-এস এস বি:** অফসেট মেশিন মাইন্ডার: ১৩টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। বুক বাইন্ডার: ৩৯টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**সি অ্যান্ড ডব্লু/এন জেড এম-ডি এল আই ডিভিশন:** ফিটার: ২৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২)। এর মধ্যে ২টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। কার্পেন্টার: ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। পেইন্টার জেনারেল: ২টি (সাধারণ)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৩টি (সাধারণ)।

**সি অ্যান্ড ডব্লু/ডি ই ই-ডি এল আই ডিভিশন:** ফিটার: ৫টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ১)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। কার্পেন্টার: ১টি (ও বি সি)।

**সি অ্যান্ড ডব্লু /এন ডি এল এস:** ফিটার: ৩৮টি (তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৬, ও বি সি ১৭)। এর মধ্যে ১টি করে আসন শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী, ২টি আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৪টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। কার্পেন্টার: ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)। পেইন্টার জেনারেল: ২টি (সাধারণ)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৩টি (সাধারণ ২, ও বি সি ১)।

**সি অ্যান্ড ডব্লু শপ/ডি এল আই:** ফিটার: ৩০টি (সাধারণ ১, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৬)। এর মধ্যে ১টি করে আসন শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ২টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। কার্পেন্টার: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ২)। পেইন্টার জেনারেল: ২টি (সাধারণ)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)।

**ইলেক্ট্রিক লোকো শেড/জি জেড বি (ডি এল আই ডিভিশন):** ফিটার: ৪৯টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৪)। এর মধ্যে ১টি করে আসন শ্রবণসংক্রান্ত, অস্থিসংক্রান্ত ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। পেইন্টার জেনারেল: ২টি (সাধারণ)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৩টি (সাধারণ)।

**ই এম ইউ কার শেড/জি জেড বি (ডি এল আই ডিভিশন):** ইলেক্ট্রিশিয়ান: ৬৩টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৬)। এর মধ্যে ১টি আসন শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, ২টি আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৩টি আসন প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। মেশিনিস্ট: ২টি (সাধারণ)। পেইন্টার জেনারেল: ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৩টি (সাধারণ)।

**ডি এস এল শেড/টি কে ডি (ডি এল আই ডিভিশন):** মেকানিক ডিজেল: ৫২টি (সাধারণ ২০, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৬)। এর মধ্যে ১টি আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ২টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রিশিয়ান: ১৯টি (সাধারণ ১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ১০)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে।

**ডি এম এল শেড/এস এস বি (ডি এল আই ডিভিশন):** মেকানিক ডিজেল: ২১টি (সাধারণ ১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রিশিয়ান: ৬টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

**ক্লাস্টার ফিরোজপুর (এফ জেড আর): ব্রিজ ওয়ার্কশপ-জে আর সি:** ফিটার: ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। মেশিনিস্ট: ২টি (তফসিলি জাতি ১, ও বি সি ১)। ফর্জার অ্যান্ড হিট ট্রিটার: ২টি (সাধারণ)। পেইন্টার জেনারেল: ২টি (সাধারণ)। মেকানিক মোটর ভেহিকল: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। ম্যাসন (বিল্ডিং কনস্ট্রাকশন): ২টি (সাধারণ)। মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স: ১টি (ও বি সি)।

**ডি এম ইউ কোয়ার শেড, জে ইউ সি (এফ জেড আর ডিভিশন):** ইলেক্ট্রিশিয়ান: ১টি (ও বি সি)। মেকানিক ডিজেল: ১৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ৫, ও বি সি ৭)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। টার্নার: ১টি (সাধারণ)।

**সি অ্যান্ড ডব্লু ওয়ার্কশপ, এফ জেড আর ডিভিশন:** ফিটার: ২৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১২, ও বি সি ৯)। এর মধ্যে ১টি করে আসন অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ২টি আসন প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। কার্পেন্টার: ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)।

**ডি এস এল শেড-এল ডি এইচ (এফ জেড আর ডিভিশন):** ইলেক্ট্রিশিয়ান: ৩টি (ও বি সি)। এর মধ্যে ১টি করে আসন শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। মেকানিক্যাল/ডিজেল: ৪১টি (সাধারণ ২, তফসিলি জাতি ২১, ও বি সি ১৮)। এর মধ্যে ২টি আসন শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, ১টি করে আসন অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। টার্নার: ২টি (তফসিলি জাতি ১, ও বি সি ১)। মেকানিক মোটর ভেহিকল: ২টি (তফসিলি জাতি ১, ও বি সি ১)।

**ওয়ার্কশপ (মেকানিক্যাল)-এ এস আর:** পেইন্টার জেনারেল: ৬টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ১)। ইলেক্ট্রিশিয়ান: ১টি (ও বি সি)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ১০টি (তফসিলি জাতি ৫, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। ফিটার: ৯টি (সাধারণ ১, তফসিলি জাতি ৪, ও বি সি ৪)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। মেশিনিস্ট: ১৫টি (তফসিলি জাতি ৬, ও বি সি ৯)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স: ১১টি (সাধারণ ২, তফসিলি জাতি ৪, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে।

**ক্লাস্টার আম্বালা (ইউ এম বি): জে ইউ ডি ডব্লু ওয়ার্কশপ:** ফিটার: ১৮টি (সাধারণ ২, তফসিলি জাতি ৬, ও বি সি ১০)। এর মধ্যে ২টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। ওয়েল্ডার: ২০টি (তফসিলি জাতি ৬, ও বি সি ১৪)। এর মধ্যে ২টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। কার্পেন্টার: ২৩টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১০, ও বি সি ৯)। এর মধ্যে ১টি করে আসন শ্রবণসংক্রান্ত ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ২টি আসন প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। পেইন্টার জেনারেল: ১৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ৭, ও বি সি ৪)। এর মধ্যে ২টি আসন প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। মেশিনিস্ট: ৮টি (তফসিলি জাতি ৩, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। ওয়্যারম্যান: ৭টি (তফসিলি জাতি ৩, ও বি সি ৪)। এর মধ্যে ১টি আসন প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রিশিয়ান: ৫টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ১টি করে আসন শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনার: ৬টি (তফসিলি জাতি ৩, ও বি সি ৩)। এর মধ্যে ১টি আসন অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই পাশ।

**বয়স:** ৩১-১-২০১৯ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcnr.org প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ৩১ ডিসেম্বর থেকে ৩১ জানুয়ারি পর্যন্ত। অনলাইন আবেদনের সময় একটি রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন।

মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন ফটো, সই এবং বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (প্রতিটি ১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। এছাড়াও আপলোড করতে হবে এই সব নথির স্বপ্রত্যয়িত নকল: বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট, মাধ্যমিক এবং আই টি আইয়ের সার্টিফিকেট ও মার্কশিট, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট এবং প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেট।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে রেখে দেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কবে কোন পরীক্ষা

**বিজ্ঞপ্তি নম্বর 12 & 21 of 2018 অনুসারে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন দ্বারা** পরিচালিত কলকাতা পুরসভায় ফুড সেফটি অফিসার (ফুড ইনস্পেক্টর) পদে নিয়োগের পরীক্ষা ১৩ জানুয়ারি। অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে www.mscwb.org

# সরকারি বিমান সংস্থায় ২৪৪

প্রথম পাতার পর

(তফসিলিদের ক্ষেত্রে ১৫৭.৫ সেমি)। বেতন: প্রতি মাসে ১৬,৫৯০ টাকা।

**কাস্টমার এজেন্ট:** ৬০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কম্পিউটারের জ্ঞান থাকতে হবে। কোনও এয়ারলাইন বা এয়ারলাইন ট্রাভেল এজেন্সি বা গ্রাউন্ড হ্যান্ডলিং এজেন্সিতে সংশ্লিষ্ট কাজে অন্তত ৬ মাসের অভিজ্ঞতা থাকতে হবে। ইংরেজি ভাষায় সাবলীল হতে হবে। বাংলা এবং হিন্দি ভাষা বুঝতে এবং বলতে জানলে অগ্রাধিকার। বেতন: প্রতি মাসে ২০,১৯০ টাকা।

**ইউটিলিটি এজেন্ট-কাম-র‍্যাম্প ড্রাইভার:** ৫৮টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে বৈধ হেভি মোটর ভেহিকল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। ইংরেজি ভাষায় সাবলীল হতে হবে। বাংলা এবং হিন্দি ভাষা বুঝতে ও বলতে জানলে অগ্রাধিকার। বেতন: প্রতি মাসে কলকাতার ক্ষেত্রে ১৮,৩৬০ টাকা, পাটনার ক্ষেত্রে ১৫,৬৬০ টাকা।

**র‍্যাম্প সার্ভিস এজেন্ট:** ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: রাজ্য সরকার দ্বারা স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা প্রোডাকশন বা ইলেক্ট্রনিক্স বা অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। অথবা মাধ্যমিক, সঙ্গে মোটর ভেহিকল বা অটো ইলেক্ট্রিক্যাল বা এয়ার কন্ডিশনিং বা ডিজেল মেকানিক বা বেঞ্চ ফিটার বা ওয়েল্ডার ট্রেডে তিন বছর মেয়াদের আই টি আই ট্রেড কোর্স পাশ। ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে আই টি আই কোর্স পাশ করার পর ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বৈধ হেভি মোটর ভেহিকল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। স্থানীয় ভাষা জানা থাকলে এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বেতন: প্রতি মাসে কলকাতার ক্ষেত্রে ২০,১৯০ টাকা, পাটনার ক্ষেত্রে ১৮,৩৬০ টাকা।

সব ক্ষেত্রেই পাসপোর্ট, প্যান কার্ড এবং আধার কার্ড থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে।

বয়স: ১-১২-২০১৮ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ ২-১২-১৯৯০ থেকে ১-১২-২০০০-এর মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, ট্রেড টেস্ট, ড্রাইভিং টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ কাস্টমার এজেন্ট এবং হ্যান্ডিম্যান পদের ক্ষেত্রে যথাক্রমে ৫ জানুয়ারি ও ১৯ জানুয়ারি, র‍্যাম্প সার্ভিস এজেন্ট এবং ইউটিলিটি এজেন্ট-কাম-র‍্যাম্প ড্রাইভার পদের ক্ষেত্রে ১২ জানুয়ারি। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: Air India Ltd., Engineering Complex, New Technical Area, Dum Dum, Kolkata 700 052. ইন্টারভিউয়ের সময় সকাল ৯টা থেকে দুপুর ১২টা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.airindia.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

### ওয়াক-ইন-ইন্টারভিউয়ের সময় সঙ্গে নেবেন

- ✓প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন এবং ফটোর উপর সই করবেন। তিন মাসের পুরনো ফটো চলবে না।
- ✓ফি বাবদ ৫০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'AIR INDIA AIR TRANSPORT SERVICES LTD'-এর অনুকূলে মুম্বইয়ে প্রদেয় হতে হবে। ড্রাফটের পিছনে প্রার্থীর নাম এবং মোবাইল নম্বর লিখে দেবেন। তফসিলি এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না।
- ✓স্কুল লিভিং সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓বয়সের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓উচ্চতা এবং ওজন সংক্রান্ত বিষয়ে ডাক্তারি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ডোমিসাইল সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্যান, আধার কার্ড এবং পাসপোর্টের (যদি থাকে) স্বপ্রত্যয়িত নকল।
- ✓কর্মরতদের ক্ষেত্রে 'নো অবজেকশন সার্টিফিকেট'-এর স্বপ্রত্যয়িত নকল।

মূল নথিপত্রগুলিও সঙ্গে রাখবেন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এম আর এফে অপারেশনাল অ্যাসিস্ট্যান্ট

কিছু অপারেশনাল অ্যাসিস্ট্যান্ট নেবে এম আর এফ লিমিটেড। নিয়োগ হবে সংস্থার সেলস ডিভিশনে। শুধু পুরুষ প্রার্থীরা আবেদন করবেন।

কমার্স গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েশনে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। অ্যাকাউন্টিংয়ের কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার ব্যবহার করে কাজ করার জ্ঞান থাকতে হবে। এম এস অফিস ও ট্যালি ব্যবহারে দক্ষতা থাকা দরকার। বয়স হতে হবে ২২ থেকে ২৬ বছরের মধ্যে।

ই-মেল অ্যাড্রেস, ফোন নম্বর, পাসপোর্ট মাপের ফটো এবং বর্তমান বেতন উল্লেখ করে বিশদ জীবনপঞ্জি-সহ অনলাইন দরখাস্ত করতে হবে ৩১ ডিসেম্বরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mrftyres.com/careers

# হকিন্সে সেলস ম্যানেজমেন্ট ট্রেনি

প্রথম পাতার পর

যত দ্রুত সম্ভব দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Senior V. P. Personnel, Hawkins Cookers Limited, Maker Tower F 101, Cuffe Parade, Mumbai-400 005.

তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.hawkinscookers.com

# রাজ্য ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশনে ৩২২

*প্রথম পাতার পর*

সাধারণ-দক্ষ খেলোয়াড় ৩, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ৫, তফসিলি জাতি ২১, তফসিলি জাতি-ই সি ১০, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ২, তফসিলি উপজাতি ৬, তফসিলি উপজাতি-ই সি ৩, ও বি সি-এ ১০, ও বি সি-এ-ই সি ৫, ও বি সি-বি ৮, ও বি সি-বি-ই সি ৩)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে রাজ্য সরকারের অধীনস্থ কোনও আই টি আই থেকে ওয়্যারম্যান বা ইলেক্ট্রিশিয়ান ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। বেতনক্রম: ৬,৩০০-২০,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা।

**স্পেশ্যাল টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট:** ৩৫টি (সাধারণ ১১, সাধারণ-ই সি ৫, সাধারণ-দক্ষ খেলোয়াড় ১, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ৪, তফসিলি জাতি-ই সি ৩, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি উপজাতি ১, তফসিলি উপজাতি-ই সি ১, ও বি সি-এ ৩, ও বি সি-এ-ই সি ২, ও বি সি-বি ২)। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা রেডিও বা ওয়্যারলেস ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছর মেয়াদের ডিপ্লোমা। বেতনক্রম: ৬,৩০০-২০,২০০ টাকা। গ্রেড পে ৪,৪০০ টাকা।

**এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট:** ৩৭টি (সাধারণ ৪, সাধারণ-ই সি ৪, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, সাধারণ-দক্ষ খেলোয়াড় ১, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ১০, তফসিলি জাতি-ই সি ২, তফসিলি উপজাতি ৩, তফসিলি উপজাতি-ই সি ১, ও বি সি-এ ৬, ও বি সি-এ-ই সি ১, ও বি সি-বি ৩)। শিক্ষাগত যোগ্যতা: ৪০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে ইংরেজিতে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৮০টি শব্দের দ্রুততা থাকতে হবে। এম এস অফিস ব্যবহারে দক্ষতা থাকতে হবে। বেতনক্রম: ৬,৩০০-২০,২০০ টাকা। গ্রেড পে ৩,৬০০ টাকা।

**অফিস এক্সিকিউটিভ:** ১০০টি (সাধারণ ২৮, সাধারণ-ইসি ১৬, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ৪, সাধারণ-দক্ষ খেলোয়াড় ২, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ৪, তফসিলি জাতি ১৪, তফসিলি জাতি-ইসি ৭, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি উপজাতি ৪, তফসিলি উপজাতি-ইসি ২, ও বি সি-এ ৮, ও বি সি-এ-ইসি ৩, ও বি সি-বি ৫, ও বি সি-বি-ইসি ২)। শিক্ষাগত যোগ্যতা:৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। উচ্চমাধ্যমিকে ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকলে স্নাতকের নম্বরে কোনও কড়াকড়ি নেই। সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এই সব কোর্সগুলির কোনও একটি করে থাকতে হবে: ডোয়েক ও লেভেল কোর্স অথবা ১ বছরের কম্পিউটার অ্যাপ্লিকেশন কোর্স অথবা মডার্ন অফিস প্র্যাকটিস অ্যান্ড ম্যানেজমেন্টের ১ বছরের ডিপ্লোমা কোর্স অথবা কম্পিউটার অপারেশন অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট (বেসিক ও অ্যাডভান্স) কোর্স বা সেক্রেটারিয়াল প্র্যাকটিসেস (বেসিক ও অ্যাডভান্স) কোর্স। অথবা ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ, সেক্ষেত্রে উচ্চমাধ্যমিকে কম্পিউটার ফান্ডামেন্টালস অ্যান্ড প্রোগ্রামিং ও কম্পিউটার অ্যাসেম্বলি অ্যান্ড মেইন্টেন্যান্স বা আই টি এনাবেলড সার্ভিসেস ও কম্পিউটার ফান্ডামেন্টালস অ্যান্ড প্রোগ্রামিং পড়ে থাকতে হবে। কম্পিউটার অ্যাপ্লিকেশন বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে স্নাতক অথবা স্ট্যাটিস্টিক্সে অনার্স-সহ বি এসসি অথবা স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে কম্পিউটার অ্যাপ্লিকেশন বা কম্পিউটার সায়েন্স এবং ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক প্রার্থীরাও আবেদনের যোগ্য। বেতনক্রম: ৬,৩০০-২০,২০০ টাকা। গ্রেড পে ৩,৬০০ টাকা।

জাতীয় স্কুল গেমস, ইন্টার-ইউনিভার্সিটি প্রতিযোগিতা, জাতীয় বা আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দক্ষ খেলোয়াড়দের নিয়োগ করা হবে খেলাধুলার এই সব ডিসিপ্লিন থেকে: ফুটবল, ক্রিকেট, অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন এবং টেবল টেনিস।

**বয়স:** সব ক্ষেত্রেই ১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ বছর, ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা (১০০ নম্বর), প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট (২০ নম্বর) বা স্টেনোগ্রাফি টেস্ট (২০ নম্বর) এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের (২৫ নম্বর) মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র কলকাতা। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে স্পেশ্যাল টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট ও লাইনসম্যান পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয় (৬০ নম্বর), জেনারেল অ্যাপ্টিটিউড (২০ নম্বর), ইংরেজি (১৫ নম্বর) এবং বাংলা বা নেপালি (৫ নম্বর) বিষয়ে। এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট এবং অফিস এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে প্রশ্ন হবে রিজনিং (৬০ নম্বর), জেনারেল নলেজ (১০ নম্বর), অ্যারিথমেটিক (১০ নম্বর), ইংরেজি (১৫ নম্বর) এবং বাংলা বা নেপালি (৫ নম্বর) বিষয়ে। প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের। নেগেটিভ মার্কিং নেই। সময়সীমা ৯০ মিনিট।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbsetcl.in দরখাস্তের শেষ তারিখ ১১ জানুয়ারি। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন নম্বর এবং পাসওয়ার্ড লিখে রাখবেন। দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন ফটো (৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। অনলাইনে কানাড়া ব্যাঙ্কের পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর রেজিস্ট্রেশন স্লিপ, কনফার্মেশন স্লিপ এবং সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই হেল্প লাইন নম্বরগুলিতে: ৭০৪৪৬১৯৬১৩/৯৬১৬/৯১০১।

# কলকাতা হাইকোর্টে ২০০

*প্রথম পাতার পর*

রেসলিং, বক্সিং, সাইক্লিং, জিমন্যাস্টিক্স, জুডো, রাইফেল শুটিং, কবাডি, খো খো।

**খেলাধুলার যোগ্যতা:** সংশ্লিষ্ট ক্রীড়াক্ষেত্রে আন্তর্জাতিক বা জাতীয় বা আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতা বা জাতীয় স্কুল গেমসে অংশ নিয়ে থাকতে হবে।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। পশ্চিমবঙ্গের তফসিলিরা ৫ বছরের বয়সের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্ট (১০০ নম্বর), কম্পিটিটিভ লিখিত পরীক্ষা (৩০০ নম্বর) এবং ইন্টারভিউয়ের (১০০ নম্বর) মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য তারিখ ২৪ ফেব্রুয়ারি। প্রিলিমিনারি পরীক্ষায় প্রশ্ন থাকবে এরিথমেটিক, জেনারেল নলেজ অ্যান্ড কম্পিউটার প্রফিশিয়েন্সি, জেনারেল ইন্টেলিজেন্স, ইংলিশ বিষয়ে। পরীক্ষা দুপুর ১২টা থেকে দেড়টা পর্যন্ত। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। কম্পিটিটিভ লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এরিথমেটিক, ইংলিশ এসে ও প্রেসি রাইটিং এবং জেনারেল নলেজ বিষয়ে। সময়সীমা ৩ ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.calcuttahighcourt.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৯ জানুয়ারি। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো এবং সই আপলোড করতে হবে। অনলাইনে দরখাস্ত সাবমিটের পর একটি অ্যাপ্লিকেশন রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। অনলাইন দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের দু'কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট নিজের কাছে রেখে দেবেন। পরে প্রয়োজন হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (পশ্চিমবঙ্গের তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। অনলাইনে ডেবিট কার্ডের মাধ্যমে ফি জমা দিতে হবে। অফলাইনেও ফি জমা দেওয়া যাবে। সেক্ষেত্রে চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। চালানের মাধ্যমে নগদে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দিতে হবে। এক্ষেত্রে ব্যাঙ্ক চার্জ বাবদ দিতে হবে ২৪ টাকা। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৭ জানুয়ারি। যথাযথ সংস্থা কর্তৃক অনুমোদিত এক্সেম্পটেড ক্যাটেগরি ও প্রাক্তন সমরকর্মী প্রার্থীদের কোনও ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৮৬৯৭৩-০৩৩৭৯, ৮৩৩৭০-৯৯৬৯৫।

বিশেষ ভাবে প্রস্তুত বিশেষ সংখ্যা
কর্মক্ষেত্র-র পরিপূরক পত্রিকা
পেশাপ্রবেশ
চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী
সারা বছরের সব গুরুত্বপূর্ণ ঘটনা এক লহমায়
তথ্যেচিত্রে ২০১৮
চাকরি-পরীক্ষার উপযুক্ত করে সাজানো
মিশন ডব্লু বি সি এস ২০১৯
বিষয় ধরে ধরে বিগত ডব্লু বি সি এস পরীক্ষার প্রশ্নোত্তর
আরও অনেক কিছু
শীঘ্রই বেরচ্ছে
আপনার কপির জন্য সংবাদপত্র-বিক্রেতাকে বা পত্রিকা-স্টলে এখনই বলে রাখুন।
১৩২ পাতা ২৫ টাকা

কাজের খবরে
১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
সপ্তাহে দু'দিন:
শুক্রবার - কর্মক্ষেত্র
সোমবার - আনন্দবাজার পত্রিকা কর্মক্ষেত্র সংবাদ সংস্করণ
Source - Average Issue Readership, IRS 2017

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১ থেকে মুদ্রিত।
প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in